पेमाधांपै २५ ... वै ...
रालाल गोहें २१ ... कुंडपटुपा
... भटुव अकमहदे २८ ...

श्रीखोनुल्य गुडुन स्वापिं नषांमनी
व षीकन्हिदासैं धवैः। साहूंषार्कर
यांशा रदिमत्तहा श्रंथ्यानषाय
गम्मे भपी प्वल्या फिफ्रिरे विहंतीप
वनें दौड्ढैं सेनेकफं रा म्पाप्प
ऊरीतिकीमि नरुजोभप्रयंतिनेरा
त्वः २

উপনিষদঃ।

যুক্ত বাবু দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ানু-

মতানুসারেণ

তৎকৃত বৃত্তিসহকৃত বঙ্গলানুবাদ সহিতাঃ।

া, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্যোপনিষদঃ।

শ্রীযুক্ত আনন্দচন্দ্রবেদান্তবাগীশেন

প্রকাশিতাঃ।

প্রাকৃত যন্ত্র।

আশ্বিন ১৭৮৩।


30. OCT. 19

বিজ্ঞাপন।

বহুকাল হইল রাজা রামমোহন রায় কয়েক খানি উপনিষৎ একবার ভাষ্য সহিত, দ্বিতীয় বার বাঙ্গলা ভাষায় অনুবাদ করিয়া, মুদ্রিত ও প্রচারিত করেন। কিয়ৎকাল পরে কলিকাতা ব্রাহ্মসমাজ হইতে শ্রীযুক্ত বাবু দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয়কৃত বৃত্তি সহিত সাতখানি উপনিষৎ প্রচারিত হয়, কিন্তু তাহাতে বাঙ্গলা অনুবাদ প্রকাশ হয় নাই, অনন্তর উক্ত মহাশয় তত্ত্ববোধিনী পত্রিকাতে কয়েক খানি অনুবাদ করিয়া প্রকাশ করেন। কিন্তু তাহার একখানিও এক্ষণে প্রাপ্ত হওয়া যায় না অথচ এখন উপনিষদের প্রতি অনেকের আগ্রহাতিশয় দেখিতে পাওয়া যায়, অতএব সমুদায় দশখানি উপনিষৎ বৃত্তি ও বাঙ্গলা অনুবাদ সহিত মুদ্রিত করিবার মানস করিয়া অনুক্রমানুসারে* প্রথমত ঈশোপনিষৎ প্রভৃতি ছয় খানি উপনিষৎ মুদ্রিত ও প্রচারিত করিলাম, পরে ক্রমশ অবশিষ্ট গুলিন এই নিয়মে মুদ্রিত করিব। এক্ষণে সাধারণের উৎসাহ দেখিতে পাইলেই চরিতার্থ হই ইতি।

শ্রীআনন্দচন্দ্র বেদান্তবাগীশ।

কলিকাতা
আশ্বিন ১৭৮৩ }

---

* ঈশ(১) কেন(২) কঠ(৩) প্রশ্ন(৪) মুণ্ড(৫) মাণ্ডুক্য(৬) তিত্তিরিঃ(৭)। ছান্দোগ্যং(৮) বৃহদারণ্য(৯)মৈতরেয়(১০) স্তথাদশ।

শান্তিপাঠঃ

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওঁ॥

সর্ব্বোপনিষদর্থভূতব্রহ্মস্বরূপানুবাদকং মন্ত্রমাহ। পূর্ণং ন কুতশ্চিৎ ব্যাবৃত্তং ব্যাপীত্যেতৎ। নিষ্ঠা কর্ত্তরি দ্রষ্টব্যা। অদঃ ইতি পরোক্ষাভিধায়ি সর্ব্বনাম। তৎ পরম্ব্রহ্মেত্যর্থঃ। ইদং সোপাধিকং নামরূপাত্মকং ব্যবহারাপন্নং পূর্ণং স্বেন রূপেণ পরমাত্মনা। তদিদং বিশেষাপন্নং পূর্ণং কার্য্যাত্মকং পূর্ণাৎ কারণাত্মনঃ উদচ্যতে উদ্রিচ্যতে উদ্গচ্ছতীত্যেতৎ। পূর্ণস্য কার্য্যাত্মনোব্রহ্মণঃ পূর্ণং পূর্ণত্বং আদায় গৃহীত্বা আত্মস্বরূপৈকরসত্বমাপাদ্য বিদ্যয়া ভূতমাত্রোপাধিং তিরস্কৃত্য পূর্ণং এব অনন্তরমবাহ্যং প্রজ্ঞানৈকরসস্বভাবং কেবলং ব্রহ্ম অবশিষ্যতে॥

কারণ স্বরূপ সেই পরব্রহ্ম সর্ব্বত্র পূর্ণ অর্থাৎ সর্ব্বব্যাপী, এবং এই নামরূপাত্মক কার্য্য সেই পরমাত্মা দ্বারা পূর্ণ অর্থাৎ ব্যাপ্ত রহিয়াছে। এই কার্য্য সকল সেই কারণ হইতে উৎপন্ন হইয়াছে, সুতরাং এই পূর্ণ কার্য্য হইতে পূর্ণস্বরূপ কারণকে পৃথক্ করিয়া লইলে কার্য্যের অসদ্ভাব হেতু কেবল ব্রহ্ম মাত্র অবশিষ্ট হয়েন।

উপনিষৎ পাঠকালে আদ্যন্তে শান্তি পাঠ ক
সাম্প্রদায়িক পরম্পরায় প্রাপ্ত হওয়া যায়, তদনুসা
শান্তি পাঠ মন্ত্র দেওয়া গেল, সুতরাং শেষে পুন
দিবার আবশ্যক নাই ইতি।

ওঁ তৎসৎ

বাজসনেয়সংহিতোপনিষৎ

ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথামাগৃধঃ কস্যস্বিৎ ধনং ॥ ১ ॥

ঈষ্টে ইতি ঈট্ ঈশিতা পরমেশ্বরঃ পরমাত্মা সর্ব্বমীষ্টে সর্ব্বজন্তূনামাত্মা সন্ তেন স্বেন আত্মনা ঈশা ঈশ্বরেণ বাস্যং আচ্ছাদনীয়ং ইদং সর্ব্বং যৎ কিঞ্চ যৎ কিঞ্চিৎ জগত্যাং জগৎ প্রপঞ্চভূতং। সর্ব্বং স্বেন আত্মনা প্রত্যগাত্মতয়া পরমার্থসত্যরূপেণ অনৃতমিদমাচ্ছাদনীয়ং। এবমীশ্বরাত্মভাবনয়া যুক্তস্য পুত্রাদ্যেষণাত্রয়সন্ন্যাসএবাধিকারোন কর্ম্মসু। তেন ত্যক্তেন এষণাত্যাগেন ভুঞ্জীথাঃ পালয়েথাঃ আত্মানমিতিশেষঃ। এবং ত্যক্তৈষণস্ত্বং মা গৃধঃ গৃধিং আকাঙ্ক্ষাং মাকার্ষীঃ ধনং কস্যস্বিৎ কস্যচিৎ ॥ ১ ॥

পৃথিবীতে যে কিছু বস্তু আছে সকলের নিয়ন্তা যে পর-[illegible]য়া, তাঁহার দ্বারা এ সমুদয়কে আচ্ছাদন কর, কামনার [illegible]রিত্যাগ পূর্ব্বক তাঁহাকে ভোগ কর, কাহারও ধনে অভি-[illegible]ষ করিও না ॥ ১ ॥

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং ত্বয়ি নান্যথেতোস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥ ২ ॥

অসূর্য্যানাম তে লোকাঅন্ধেন তমসাবৃতাঃ। তাং-

অথ ইতরস্য অনাত্মবিদআত্মগ্রহণায় অশক্তস্য ইদমুপদিশতি মন্ত্রঃ। কুর্ব্বন্ এব নিবর্ত্তয়ন্নেব কর্ম্মাণি অগ্নিহোত্রাদীনি ইহ কালে জিজীবিষেৎ জীবিতুমিচ্ছেৎ শতং শতসংখ্যাকাঃ সমাঃ সম্বৎসরান্। এবং এবম্প্রকারে ত্বয়ি জিজীবিষতি নরে ইতঃ এতস্মাৎ অগ্নিহোত্রাদীনি কর্ম্মাণি কুর্ব্বতঃ প্রকারাৎ অন্যথা প্রকারান্তরং ন অস্তি যেন প্রকারেণ অশুভং কর্ম্ম ন লিপ্যতে ॥ ২ ॥

অথেদানীমবিদ্বন্নিন্দার্থোমন্ত্রআরভ্যতে। পরমার্থভাবমপেক্ষ্য দেবাদয়োপি অসুরাঃ তেষাং চ স্বভূতাঃ অসুর্য্যাঃ নাম তে লোকাঃ অন্ধেন অদর্শনাত্মকেন অজ্ঞানেন তমসা আবৃতাঃ আচ্ছাদিতাঃ। তান্ স্থাবরান্তান্ প্রেত্য ত্যক্ত্বা ইমং দেহং অভিগচ্ছন্তি যথাকর্ম্ম, যথাশ্রুতং তে যে কে চ আত্মানং ঘ্নন্তীতি আত্মহনঃ জনাঃ। কথং তে আত্মানং নিত্যং হিংসন্তি।

যে ব্যক্তি তাঁহার উপাসনাতে অসমর্থ, সেই ব্যক্তি ইহ কালে অগ্নিহোত্রাদি কর্ম্মেরই অনুষ্ঠান পূর্ব্বক শত বৎসর

স্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনোজনাঃ ।৩।

অনেজদেকং মনসোজবীয়োনৈনদ্দেবাআপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ। তদ্ধাবতোন্যানত্যেতি তিষ্ঠত্তস্মিন্নপোমাতরিশ্বা দধাতি ॥ ৪ ॥

অবিদ্যাদোষেণ বিদ্যমানস্য আত্মনস্তিরস্করণাৎ। তেন হি আত্মহননদোষেণ সংসরন্তি তে ॥ ৩ ॥

কীদৃশমাত্মতত্ত্বমিত্যুচ্যতে। অনেজৎ ন এজৎ এজৃকম্পনে কম্পনং চলনং স্থিরত্বপ্রচ্যুতিঃ তদ্বিবর্জিতং। একং তচ্চৈকং সর্ব্বভূতেষু। মনসঃ জবীয়ঃ জববত্তরং তদপ্রাপ্যমিত্যর্থঃ। দেবাঃ দ্যোতনাৎ চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি এনং এতৎ প্রকৃতং আত্মতত্ত্বং সর্ব্বস্থং ন আপ্নুবন্ প্রাপ্তবন্তঃ পূর্ব্বং অর্যৎ পূর্ব্বমেব গতং জবনাৎ মনসোপি। তৎ ধাবতঃ দ্রুতং গচ্ছতঃ অন্যান্ মনোবাগিন্দ্রিয়প্রভৃতীন্ অত্যেতি অতীত্য গচ্ছতীব তিষ্ঠৎ স্বয়মবিক্রিয়মেব সদিত্যর্থঃ। তস্মিন্ আত্মতত্ত্বে নিত্যচৈতন্যস্বভাবে মাতরিশ্বা বায়ুঃ সর্ব্বপ্রাণভৃৎ ক্রিয়াত্মকঃ অপঃ কর্ম্মাণি প্রাণিনাং চেষ্টালক্ষণানি দধাতি বিভজতীত্যর্থঃ। সর্ব্বা হি কার্য্যকারণাদিবিক্রিয়াঃ নিত্যচৈতন্যাত্মস্বরূপে সর্ব্বাস্পদভূতে সত্যে অবতরন্তীত্যর্থঃ ॥ ৪ ॥

কালে অজ্ঞানাবৃত যে অসূর্য্য লোক, তাহাতে গমন করে ॥৩॥

স্থির স্বরূপ অথচ মন হইতে দ্রুত গামী যে এক পরমাত্মা [illegible]কল প্রাপ্ত হয় না, তিনি তাহারদিগের অগ্রে [illegible]ন ও. ইন্দ্রিয় সকল ধাবমান হইলেও তিনি [illegible]ক্রম করিয়া স্থিতি করেন, তিনি থাকাতে [illegible] বিধান করিয়েছে ॥ ৪ ॥

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে। তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ ॥ ৫ ॥

যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি। সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে ॥ ৬ ॥

যস্মিন্ সর্ব্বাণি ভূতান্যাত্মৈবাভূদ্বিজানতঃ।

তৎ আত্মতত্ত্বং যৎ প্রকৃতং এজতি চলতি তৎ এব চ ন এজতি স্বতোনৈব চলতি, অচলমেব সৎ চলতীবেত্যর্থঃ। কিঞ্চ তৎ দূরে বর্ষকোটিশতৈরপি অবিদুষামপ্রাপ্যত্বাদ্দূর-ইব। তৎ উ অন্তিকে তৎ সমীপেত্যন্তমেব। ন কেবলং অন্তিকে তৎ অন্তঃ অভ্যন্তরে অস্য সর্ব্বস্য জগতঃ তৎ উ অপি সর্ব্বস্য অস্য বাহ্যতঃ ব্যাপকত্বাৎ আকাশবৎ ॥ ৫ ॥

যঃ তু মুমুক্ষুঃ সর্ব্বাণি ভূতানি আত্মনি এব অনুপশ্যতি সর্ব্বভূতেষু তথৈব চ আত্মানং নির্ব্বিশেষং পশ্যতি। সঃ ততঃ তস্মাদেব দর্শনাৎ ন বিজুগুপ্সতে জুগুপ্সাং ঘৃণাং ন করোতি ॥ ৬ ॥

যস্মিন্ কালে সর্ব্বাণি ভূতানি পরমার্থদর্শনাৎ আত্মা এব অভূৎ আত্মৈব সম্বৃত্তঃ সর্ব্বব্যাপকত্বাৎ ইতি বিজানতঃ তত্র

তিনি চলেন, তিনি চলেন না, তিনি দূরে, তিনি নিকটে, তিনি সকলের অন্তরে স্থিতি করেন, এবং তিনি সকলের বাহিরেও স্থিতি করেন ॥ ৫ ॥

যিনি সকল বস্তুকে আত্মাতে দেখেন, এবং সেই আত্মাকে সকল বস্তুতে দেখেন, তিনি আর কোন বস্তুতে ঘৃণা করেন না ॥ ৬ ॥

সর্ব্বব্যাপি রূপে সেই আত্মাই সকল বস্তু হইয়াছেন,

তত্র কোমোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ ॥ ৭ ॥

সপর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণমস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধং। কবির্ম্মনীষী পরিভূঃ স্বয়ম্ভুর্যাথা-

তস্মিন্ কালে একত্বং একাত্মতত্ত্বং বিশুদ্ধং গগনোপমং অনুপশ্যতঃ কঃ মোহঃ কঃ শোকঃ। শোকশ্চ মোহশ্চ অজ্ঞানতো-ভবতি ॥ ৭ ॥

যোহয়ং মন্ত্রৈরুক্তআত্মা সঃ স্বেন স্বরূপেণ কিং লক্ষণইত্যাহ অয়ং মন্ত্রঃ। সঃ আত্মা পর্য্যগাৎ পরি সমন্তাৎ অগাৎ গতবান্ আকাশবদ্ব্যাপীত্যর্থঃ। শুক্রং শুক্রঃ শুদ্ধঃ অকায়ং অকায়ঃ অশরীরঃ অব্রণং অব্রণঃ অক্ষতঃ অস্নাবিরং অস্নাবিরঃ স্নাবাঃ শিরাঃ যস্মিন্ নবিদ্যন্তে ইতি শুদ্ধং শুদ্ধঃ নির্ম্মলঃ অপাপবিদ্ধং অপাপবিদ্ধঃ ধর্ম্মাধর্ম্মবর্জ্জিতঃ কবিঃ ক্রান্তদর্শী সর্ব্বদৃক্ মনীষী, মনসঃ ঈষিতা সর্ব্বজ্ঞঈশ্বরইত্যর্থঃ। পরিভূঃ সর্ব্বেষামুপর্য্যুপরি ভবতীতি স্বয়ম্ভূঃ স্বয়মেব ভবতীতি সনিত্যমুক্তঈশ্বরঃ যাথাতথ্যতঃ যথাতথাভাবোযাথাতথ্যং ততঃ যাথাতথ্যতঃ যথাভূতকর্ম্মপ্রক্রিসাধনতঃ অর্থান্ কর্ত্তব্যপদার্থান্ ব্যদধাৎ বিহিতবান্ যথানুরূপং ব্যভজদিত্যর্থঃ। শাশ্বতীভ্যঃ নি-

রূপ যখন একত্ব জ্ঞান হয়, তখন তাঁহার মোহই বা কি? আর শোকই বা কি? ॥ ৭ ॥

[illegible] ব্যাপী, শুদ্ধ, অশরীর, অক্ষত, শিরা রহিত, নির্ম্মল, [illegible]ন্য, সর্ব্বদর্শী, মনের অন্তর্যামি, পরাৎপর এবং স্বপ্র-

তথ্যতোর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ।। ৮ ।।

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।

ততোভূয়ইব তে তমোযউ বিদ্যায়াং রতাঃ ।।৯।।

অন্যদেবাহুর্ব্বিদ্যয়ান্যদাহুরবিদ্যয়া । ইতি

ত্যাভ্যঃ সমাভ্যঃ সম্বৎসরাখ্যেভ্যঃ প্রজাভ্যঃ প্রজাপতিভ্যই-ত্যর্থঃ ॥ ৮ ॥

যে কর্ম্মনিষ্ঠাঃ কর্ম্ম কুর্ব্বন্তএব জিজীবিষন্তি তেভ্যোদেবতাজ্ঞানকর্ম্মণোরেকানুষ্ঠাননিন্দযা সমুচ্চিচীযযা ইদমুচ্যতে। অন্ধং অদর্শনাত্মকং তমঃ প্রবিশন্তি যে কে অবিদ্যাং বিদ্যাযাঅন্যাং কর্ম্মেত্যর্থঃ তাং অগ্নিহোত্রাদিলক্ষণামেব কেবলাং উপাসতে তৎপরাঃ সন্তোঽনুতিষ্ঠন্তীত্যভিপ্রায়ঃ। ততঃ তস্মাৎ অন্ধাত্মকাৎ তমসঃ ভূয়ঃ ইব বহুতরমিব তমঃ তে প্রবিশন্তি যে বিদ্যাযাং দেবতাজ্ঞানে উ এব রতাঃ অভিরতাঃ ॥ ৯ ॥

তত্র দেবতাজ্ঞানকর্ম্মণোঃ ফলভেদমাহ। অন্যৎ পৃথক্ এব বিদ্যযা দেবতাজ্ঞানেন ক্রিযতে ফলমিতি আহুঃ বদন্তি

কাশ যে পরমাত্মা, তিনি চিরকাল প্রজাদিগের প্রতি যথোপযুক্ত শুভাশুভ বিধান করিতেছেন ॥ ৮ ॥

যাহারা কেবল যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করে তাহারা অজ্ঞান রূপ অন্ধকারে আবৃত যে লোক তাহাতে গমন করে। আর যাহারা কেবল দেবতা জ্ঞানে রত হয়, তাহারা তাহা অপেক্ষাও অধিকতর অজ্ঞান রূপ অন্ধকারে আবৃত যে লোক

শুশুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১০ ॥

বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ। অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥ ১১ ॥

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽসম্ভূতিমুপাসতে।

অন্যৎ অবিদ্যয়া কর্ম্মণা ক্রিয়তে ফলমিতি আহুঃ। ইতি এবং শুশ্রুম শ্রুতবন্তোবয়ং ধীরাণাং ধীমতাং বচনং যে আচার্য্যাঃ নঃ অস্মভ্যং তৎ কর্ম্ম চ দেবতাজ্ঞানঞ্চ বিচচক্ষিরে ব্যাখ্যাতবন্তঃ ॥ ১০ ॥

অতঃ বিদ্যাং চ দেবতাজ্ঞানঞ্চ অবিদ্যাং চ কর্ম্ম চ যঃ তৎ এতৎ উভয়ং সহ একেন পুরুষেণানুষ্ঠেয়ং বেদ। অবিদ্যয়া কর্ম্মণা অগ্নিহোত্রাদিনা মৃত্যুং স্বাভাবিকং কর্ম্ম জ্ঞানঞ্চ মৃত্যুশব্দবাচ্যং তীর্ত্বা অতিক্রম্য বিদ্যয়া দেবতাজ্ঞানেন অমৃতং দেবতাত্মভাবং অশ্নুতে প্রাপ্নোতি ॥ ১১ ॥

অধুনা ব্যাকৃতাব্যাকৃতোপাসনয়োঃ সমুচ্চিচীষয়া প্রত্যেকং নিন্দোচ্যতে। অন্ধং তমঃ প্রবিশন্তি যে,অসম্ভূতিং সম্ভবনং

ফল কহিয়াছেন, ইহা পণ্ডিতদিগের নিকট শুনিয়াছি, যাঁহারা আমারদিগকে তাহা কহিয়াছেন ॥ ১০ ॥

দেবতা জ্ঞান, আর যজ্ঞাদি কর্ম্ম, এ উভয় এক ব্যক্তির অনুষ্ঠেয় জানিয়া যাঁহারা উভয়ের অনুষ্ঠান করেন, তাঁহারা কর্ম্ম দ্বারা স্বাভাবিক জ্ঞান ও কর্ম্ম হইতে উত্তীর্ণ হইয়া দেবতা জ্ঞান দ্বারা দেব শরীর প্রাপ্ত হয়েন ॥ ১১ ॥

যাঁহারা পরমাত্মার শক্তিকে উপাসনা করেন, তাঁহারা [illegible] কারে আবৃত যে লোক তাহাতে গমন করেন।

পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন্ সমূহ তেজোযত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি যোসাবসৌ পুরুষঃ সোহমস্মি ॥ ১৬ ॥

বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরং।

হে পূষন্ জগতঃ পোষণাৎ পূষা রবিঃ। তথা একএব ঋষতি গচ্ছতীত্যেকর্ষিঃ হে একর্ষে। তথা সর্ব্বস্য সংযমনাৎ যমঃ হে যম। তথা রশ্মীনাং স্বীকরণাৎ সূর্য্যঃ হে সূর্য্য। প্রজাপতেরপত্যং প্রাজাপত্যঃ হে প্রাজাপত্য। ব্যূহ বিগময রশ্মীন্ স্বান্ সমূহ একীকুরু উপসংহর তেজঃ তাপকং জ্যোতিঃ। যৎ তে তব রূপং কল্যাণতমং অত্যন্তশোভনং তৎ তে তব আত্মনঃ প্রসাদাৎ পশ্যামি। কিঞ্চ অহং ন চ ত্বাং ভৃত্যবৎ যাচে যঃ অসৌ মণ্ডলস্থঃ পুরুষঃ পূর্ণমনেন জগৎ সমস্তমিতি অসৌ সঃ অহং অস্মি ভবামি ॥ ১৬ ॥

অথ ইদানীং মম মরিষ্যতঃ বায়ুঃ প্রাণঃ অধ্যাত্মপরিচ্ছেদং হিত্বা অধিদেবতাত্মানং সর্ব্বাত্মকং অনিলং অমৃতং প্রতিপদ্যতামিতি বাক্যশেষঃ। অথ ইদং শরীরং অগ্নৌ হুতং ভস্মান্তং ভূয়াৎ। ওঁ ইতি যথোপাসনমোম্প্রতীকাত্মকত্বাৎ সত্যাত্মক-

হে প্রজাপতির সন্তান সূর্য্য! হে এক গতি! হে সকলের পোষণ কর্ত্তা! হে নিয়ন্তা! তোমার প্রখর কিরণ সকল সংহরণ কর, তোমার শোভনতম যে রূপ, তাহা আমি তোমার প্রসাদে দর্শন করি, পূর্ণ স্বরূপ ব্রহ্ম যেমন তোমার অন্তর্ব্বর্ত্তি হয়েন, সেই রূপ আমারও অন্তর্ব্বর্ত্তি হয়েন ॥ ১৬ ॥

মরণের পর আমার প্রাণ বায়ু বায়ুতে মিশ্রিত হউক, অনন্তর এই শরীর অগ্নিহুত হইয়া ভস্মসাৎ হউ[redacted]

ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর। ১৭।

অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্। যুযোধ্যস্মজ্জুহুরাণমেনোভূয়িষ্ঠাং তে নমউক্তিং বিধেম ॥ ১৮ ॥

ইতি বাজসনেয়সংহিতোপনিষৎ সমাপ্তা।

মম্র্যাথ্যং ব্রহ্মাভেদেনোচ্যতে ক্রতো হে মনঃ স্মর এতাবন্তং কালং ভাবিতং কৃতং যৎ ময়া বাল্যপ্রভৃত্যনুষ্ঠিতং কর্ম্ম তৎ স্মর। ক্রতো স্মর কৃতং স্মর ইতি পুনর্ব্বচনমাদরার্থং ॥ ১৭ ॥

হে অগ্নে হে দেব নয় গময় সুপথা শোভনেন মার্গেণ রায়ে ধনায় কর্ম্মফলভোগায় ইত্যর্থঃ অস্মান্ যথোক্তধর্ম্মবিশিষ্টান্ বিশ্বানি সর্ব্বাণি বয়ুনানি কর্ম্মাণি বিদ্বান্ জানন্ ত্বং। কিঞ্চ যুযোধি বিযোজয় বিনাশয় অস্মৎ অস্মত্তঃ জুহুরাণং কুটিলং এনঃ পাপং। ততোবয়ং বিশুদ্ধাঃ সন্তঃ ইষ্টং প্রাপ্স্যামইত্যভিপ্রায়ঃ। কিন্তু বয়মিদানীং তব ন শকুমঃ পরিচর্য্যাং কর্ত্তুং ভূয়িষ্ঠাং বহুতরাং তে তুভ্যং নমঃ উক্তিং নমস্কারবচনং বিধেম পরিচরামেত্যর্থঃ ॥ ১৮ ॥

ইতি বাজসনেয়সংহিতোপনিষদ্বৃত্তিঃ সমাপ্তা।

এতাবৎ কাল যাহা আমার দ্বারা অনুষ্ঠিত হইয়াছে, তাহা তুমি স্মরণ কর ॥ ১৭ ॥

হে দীপ্যমান অগ্নি! অনুষ্ঠিত যজ্ঞাদি কর্ম্মের ফল ভোগ নিমিত্তে আমারদিগকে সুপথ দিয়া লইয়া যাও, যেহেতু তুমি যজ্ঞাদি কর্ম্মের জ্ঞাতা, আর আমারদিগ হইতে কুটিল পাপকে পৃথক্ কর, তোমাকে বহুতর নমস্কার করিতেছি ॥ ১৮ ॥

ইতি বাজসনেয়সংহিতোপনিষৎ সমাপ্ত।

শান্তিপাঠঃ

ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথোবলমিন্দ্রিয়াণি চ সর্ব্বাণি সর্ব্বং ব্রহ্মৌপনিষদং। মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মা মা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণং মেঽস্তু। তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু। ওঁ শান্তিঃ ৩। হরিঃ ওঁ।

স্বাবয়বপাটবপূর্ব্বকং স্বস্মিনৌপনিষদ্ধর্ম্মাবস্থিতিসিদ্ধ্যর্থং মন্ত্রমাহ বাক্ প্রাণঃ চক্ষুঃ শ্রোত্রং অথো বলং ইন্দ্রিয়াণি চ এতানি সর্ব্বাণি মম উপাসকস্য অঙ্গানি ঔপনিষদং উপনিষৎপ্রতিপাদ্যং সর্ব্বং সর্ব্বাত্মকং ব্রহ্ম আপ্যায়স্তু। অহং ব্রহ্ম মা নিরাকুর্য্যাং ন ত্যজেয়ং। ব্রহ্ম মা মামুপাসকং মা নিরাকরোৎ নাত্যজৎ। এবং পরস্পরৈক্যাৎ মৎকর্ত্তৃকং ব্রহ্মণঃ অনিরাকরণং স্বরূপতিরস্কারাভাবঃ অস্তু মে মমোপাসকস্য অনিরাকরণং অস্তু। কিঞ্চ তদাত্মনি পরমাত্মনি নিরতে নিতরাং রমমাণে ময়ি উপাসকে যে উপনিষৎসু পঠিতাঃ ধর্ম্মাঃ তে সন্তু। তে ময়ি সন্তু ইতি পুনরুক্তিরাদরার্থা॥

উপনিষৎবেদ্য সর্ব্বাত্মক পরব্রহ্ম আমার বাক্য, প্রাণ, চক্ষুঃ, শ্রোত্র, বল, ইন্দ্রিয় ও সমুদায় অঙ্গকে পরিতৃপ্ত করুন। আমি ব্রহ্মকে পরিত্যাগ করি নাই, ব্রহ্ম আমাকে পরিত্যাগ না করুন; আমি তাঁহাকে নিরাকৃত করি নাই, তিনি আমাকে নিরাকৃত না করুন। আমি সেই সর্ব্বাত্মাতে সর্ব্বদা নিরত, অতএব উপনিষদে যে সকল ধর্ম্ম উক্ত হইয়াছে তাহা আমাতে প্রবর্ত্তিত হউক।

উপনিষৎ পাঠকালে আদ্যন্তে শান্তি পাঠ কর্ত্তব্য, ইহা সাম্প্রদায়িক পরম্পরায় প্রাপ্ত হওয়া যায়, তদনুসারে প্রথমেই শান্তি পাঠ মন্ত্র দেওয়া গেল, সুতরাং শেষে পুনর্ব্বার আর দিবার আবশ্যক নাই ইতি।

ওঁ তৎসৎ

তলবকারোপনিষৎ।

কেনেষিতং পততি প্রেষিতং মনঃ কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ। কেনেষিতাং বাচমিমাং বদন্তি চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি ॥১॥

কশ্চিদ্গুরুং ব্রহ্মনিষ্ঠং বিধিবদুপেত্য অভয়ং নিত্যং শিবমিচ্ছন্ পপ্রচ্ছেতি কল্প্যতে। কেন কর্ত্রা ইষিতং ইষ্টমভিপ্রেতং সৎ মনঃ পততি গচ্ছতি স্ববিষয়ং প্রতি। ইচ্ছার্থস্য ইষিতং রূপমিতি গম্যতে। তস্যৈব প্রপূর্ব্বস্য নিয়োগার্থে প্রেষিতং ইত্যেতৎ। কেন যুক্তঃ নিযুক্তঃ প্রেরিতঃ সন্ প্রাণঃ প্রৈতি গচ্ছতি স্বব্যাপারং প্রতি প্রথমঃ ইতি প্রাণবিশেষণং তৎপূর্ব্বকত্বাৎ সর্ব্বেন্দ্রিয়প্রবৃত্তীনাং। কেন ইষিতাং বাচং ইমাং শব্দলক্ষণাং বদন্তি লৌকিকাঃ। তথা চক্ষুঃ শ্রোত্রং স্বে স্বে বিষয়ে কঃ উ দেবঃ দ্যোতনাবান্ যুনক্তি নিযুংক্তে প্রেরয়তি ॥ ১ ॥

শিষ্য প্রশ্ন করিলেন। কাহার ইচ্ছা দ্বারা নিযুক্ত হইয়া মন স্ববিষয়ের প্রতি গমন করে? কাহার দ্বারা নিযুক্ত হইয়া প্রাণ স্বীয় কার্য্য নিষ্পন্ন করে? কাহা কর্ত্তৃক প্রেরিত হইয়া বাক্য নিঃসরণ হয়, আর কোন্ দীপ্তিমান্ কর্ত্তা চক্ষুঃশ্রোত্রকে স্বীয় স্বীয় বিষয়ে নিযুক্ত করেন? ১ ॥

শ্রোত্রস্য শ্রোত্রং মনসোমনোযদ্বাচোহ বাচং সউ প্রাণস্য প্রাণশ্চক্ষুষশ্চক্ষুরতিমুচ্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতাভবন্তি ॥ ২ ॥

এবম্পৃষ্টবতে যোগ্যায় শিষ্যায়াহ গুরুঃ। শৃণু ত্বং যৎ পৃচ্ছসি মনআদিকরণজাতস্য কোদেবঃ স্ববিষয়ম্প্রতি প্রেরয়িতেতি। শ্রোত্রস্য শ্রোত্রং সযস্ত্বয়া পৃষ্টঃ। কঃ পুনরত্র পদার্থঃ শ্রোত্রস্য শ্রোত্রং ইত্যাদেঃ, অস্তি বিদ্বদ্বুদ্ধিগম্যং সর্ব্বান্তরতমং কূটস্থমজরমমৃতমভয়মজং শ্রোত্রস্যাপি শ্রোত্রং তৎসামর্থ্যনিমিত্তমিতি। তথা মনসঃ মনঃ ন হি মনঃ ব্রহ্মচৈতন্যজ্যোতিষাহদীপিতং স্ববিষয়সঙ্কল্পাদিসমর্থং স্যাৎ তস্মাৎ মনসোপি মনঃ। যৎ বাচঃ হ বাচং বাক। তথা সঃ যস্ত্বয়া পৃষ্টঃ উ প্রাণস্য প্রাণঃ নহি ব্রহ্মণানধিষ্ঠিতস্য প্রাণস্য প্রাণনং উপপদ্যতে। তথা চক্ষুষঃ চক্ষুঃ রূপপ্রকাশকস্য চক্ষুষোযদ্রূপগ্রহণসামর্থ্যং তৎ ব্রহ্মচৈতন্যাধিষ্ঠিতস্যৈব। তদেবং শ্রোত্রাদীনাং কারণং ব্রহ্মেতি জ্ঞাত্বা অতিমুচ্য পরিত্যজ্য পাপানি ধীরাঃ ধীমন্তঃ অস্মাৎ লোকাৎ প্রেত্য মৃত্বা অমৃতাঃ অমরণধর্ম্মাণঃ ভবন্তি॥ ২॥

আচার্য্য উত্তর করিলেন। যিনি শ্রোত্রাদিকে স্ব স্ব বিষয়ে নিযুক্ত করিতেছেন, তিনি শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বাক্যের বাক্য, প্রাণের প্রাণ এবং চক্ষুর চক্ষু হয়েন। পাপ কর্ম্ম সকলকে পরিত্যাগ করিয়া তাঁহাকে এরূপে জানিলে ধীরেরা সংসার হইতে অবসৃত হইয়া অমৃত হয়েন॥ ২॥

ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্‌গচ্ছতি নো মনোন বিদ্মোন বিজানীমো যথৈতদনুশিষ্যাদন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধি। ইতি শুশ্রুম পূ-

যস্মাৎ শ্রোত্রাদেরপি আত্মভূতং ব্রহ্ম অতঃ ন তত্র তস্মিন্ ব্রহ্মণি চক্ষুঃ গচ্ছতি। তথা ন বাক গচ্ছতি। অভিধেয়ং প্রতি বাক গচ্ছতি ব্রহ্ম তু অনভিধেয়মতোন বাক্ গচ্ছতি। নো মনঃ মনশ্চান্যস্য সংকল্পয়িতৃ ন পরমাত্মানং সংকল্পয়তি। যেন বস্তুনোবিজ্ঞানং তদগোচরত্বাৎ ন বিদ্মঃ তত্ত্ব ক্ষেত্যভিপ্রায়ঃ। অতঃ ন বিজানীমঃ যথা যেন প্রকারেণ এতৎ ব্রহ্ম অনু-শিষ্যাৎ উপদিশেৎ শিষ্যায়। তদুপদেশার্থমাগমমাহ্। অন্যৎ এব পৃথগেব তৎ বিদিতাৎ সর্ব্বমেব ব্যাকৃতং তদ্বিদিত-মেব তস্মাৎ অন্যদেব ইত্যর্থঃ। অথো অপি অবিদিতাৎ বিদিতবিপরীতাদব্যাকৃতাদ্ব্যাকৃতস্য বীজাৎ অধি ইত্যুপর্য্যর্থে লক্ষণবান্যদিত্যর্থঃ। যদ্ধি যস্যাধ্যুপরি ভবতি তৎ তস্মা-দন্যাদিতি প্রসিদ্ধং। ইতি শুশ্রুম শ্রুতবন্তোবয়ং পূর্ব্বেষাং

তাঁহাকে চক্ষু দেখিতে পায় না, বাক্য কহিতে পারে না, এবং মন চিন্তা করিতে পারে না, এ প্রযুক্ত তাঁহাকে আমরা জানিতে পারি না এবং শিষ্যকে যেপ্রকারে ব্রহ্মের উপদেশ প্রদান করিতে হয় তাহাও জানি না। কিন্তু বেদের এই উপদেশ যে বিদিত ও অবিদিত তাবৎ বস্তু হইতে তিনি ভিন্ন হয়েন।

র্ব্বেষাং যে নস্তদ্ব্যাচচক্ষিরে ॥ ৩ ॥

যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে। তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৪ ॥

যন্মনসা ন মনুতে যেনাহুর্ম্মনোমতং। তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৫ ॥

আচার্য্যাণাং বচনং যে আচার্য্যাঃ নঃ অস্মভ্যং তৎ ব্রহ্ম ব্যাচচক্ষিরে ব্যাখ্যাতবন্তঃ বিস্পষ্টং কথিতবন্তঃ ॥ ৩ ॥

যৎ চৈতন্যমাত্রসত্তাকংব্রহ্ম বাচা অনভ্যুদিতং অপ্রকাশিতং যেন ব্রহ্মণা চৈতন্যজ্যোতিষা বিবক্ষিতেহর্থে বাক্ অভ্যুদ্যতে প্রকাশ্যতে প্রযুজ্যতে। তৎএব ভূমাখ্যং বৃহৎ ব্রহ্ম বিদ্ধি বিজানীহি ত্বং ন ইদং ব্রহ্ম যৎ ইদং উপাধিভেদবিশিষ্টং উপাসতে ॥ ৪ ॥

মনসা যৎ চৈতন্যজ্যোতির্ম্মনসোবভাসকং ব্রহ্ম ন মনুতে ন সঙ্কল্পযতি মনঃ যেন ব্রহ্মণা মতং বিষযীকৃতং ব্যাপ্তং আহুঃ কথযন্তি ব্রহ্মবিদঃ। তৎ এব মনসআত্মানং প্রত্যক্ চেতযিতারং ব্রহ্ম ত্বং বিদ্ধি ন ইদং যৎ ইদং উপাসতে ॥ ৫ ॥

ইহা পণ্ডিতদিগের নিকট হইতে আমরা শুনিয়াছি, যাঁহারা আমারদিগকে তাহা কহিয়াছেন ॥ ৩ ॥

যিনি বাক্য দ্বারা প্রকাশিত হয়েন না, যাঁহা হইতে বাক্য প্রকাশিত হয়, তাঁহাকেই তুমি ব্রহ্ম করিয়া জান; কোন প্রত্যক্ষ বস্তু ব্রহ্ম নহে, যাহাকে লোক সকল উপাসনা করে ॥ ৪ ॥

পণ্ডিতেরা কহিয়াছেন, যাঁহাকে মনের দ্বারা জানা যায় না, যিনি মনকে জানেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম করিয়া জান, কোন প্রত্যক্ষ বস্তু ব্রহ্ম নহে, যাহাকে লোক সকল

যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষূꣳষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বꣳ বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥৬॥

যচ্ছ্রোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদꣳ শ্রুতꣳ। তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদꣳ যদিদমুপাসতে ॥ ৭ ॥

যৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে।

যৎ চক্ষুষা ন পশ্যতি যেন ব্রহ্মচৈতন্যজ্যোতিষা চক্ষূংষি পশ্যতি বিষয়ীকরোতি ব্যাপ্নোতি। তৎএব ব্রহ্ম ত্বং বিদ্ধি ন ইদং যৎ ইদং উপাসতে ॥ ৬ ॥

যৎ শ্রোত্রেণ ন শৃণোতি লোকঃ যেন ব্রহ্মচৈতন্যজ্যোতিষা শ্রোত্রং ইদং যৎ প্রসিদ্ধং শ্রুতং বিষয়ীকৃতং। তৎ এব ব্রহ্ম ত্বং বিদ্ধি ন ইদং যৎ ইদং উপাসতে ॥ ৭ ॥

যৎ প্রাণেন ঘ্রাণেন ন প্রাণিতি ন বিষয়ীকরোতি যেন

যাঁহাকে চক্ষুর দ্বারা দর্শন করা যায় না, যাঁহার দ্বারা লোক সকল চক্ষুর বিষয়কে দর্শন করে, তাঁহাকেই তুমি ব্রহ্ম করিয়া জান, কোন প্রত্যক্ষ বস্তু ব্রহ্ম নহে, যাহাকে লোক সকল উপাসনা করে ॥ ৬ ॥

যাঁহাকে শ্রোত্রের দ্বারা শ্রবণ করা যায় না, যিনি শ্রোত্রকে শ্রবণ করেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম করিয়া জান, কোন প্রত্যক্ষ বস্তু ব্রহ্ম নহে, যাহাকে লোক সকল উপাসনা করে ॥ ৭ ॥

যাঁহাকে ঘ্রাণেন্দ্রিয় দ্বারা আঘ্রাণ করা যায় না, যাঁহার দ্বারা ঘ্রাণেন্দ্রিয় গন্ধ গ্রহণ করে, তাঁহাকেই তুমি ব্রহ্ম করিয়া

তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ।৮।

যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণোরূপং । যদস্য ত্বং যদস্য দেবেষ্বথ

ব্রহ্মচৈতন্যজ্যোতিষা প্রাণঃ প্রণীয়তে। তৎ এব ব্রহ্ম ত্বং বিদ্ধি ন ইদং যৎ ইদং উপাসতে ॥ ৮ ॥

যদ্ধি বেদ্যম্বস্তু তদেব বিষয়ী ভবতি তস্মাৎ সুষ্ঠু বেদ অহং ব্রহ্ম ইতি প্রতিপত্তির্মিথ্যৈব। তদেব ইহ প্রতিপাদিতং। যদি কদাচিৎ মন্যসে সুবেদ ইতি সুষ্ঠু বেদ অহং ব্রহ্ম ইতি দভ্রং অল্পংএব অপি নূনং ত্বং বেত্থ জানীষে ব্রহ্মণঃ রূপং। যৎ অধ্যাত্মোপাধিপরিচ্ছিন্নস্য অস্য ব্রহ্মণোরূপং ত্বং বেত্থ তদল্পং বেত্থ যৎ অপ্যধিদৈবতোপাধিপরিচ্ছিন্নস্য অস্য ব্রহ্মণোরূপং দেবেষু বেত্থ তদপি অল্পমেব বেত্থ। যচ্ছাস্ত্রমনন্তমেকমদ্বৈতং ভূমাখ্যং নিত্যং ব্রহ্ম ন তৎ সুবেদ্যমিত্যভিপ্রায়ঃ। যতএবং অথ নু তস্মাৎ অহং মন্যে অদ্যাপি তে তব মীমাংস্যং বিচার্য্যং এব তে তব ব্রহ্ম। এবমাচার্য্যোক্তঃ শিষ্যএকান্তে উপবিষ্টঃ সন্ যথোক্তমাচার্য্যেণাগমমর্থতোবিচার্য্য তর্কতশ্চ নির্দ্ধা-

জান, কোন প্রত্যক্ষ বস্তু ব্রহ্ম নহে, যাহাকে লোক সকল উপাসনা করে ॥ ৮ ॥

আচার্য্য পুনর্ব্বার কহিলেন। যদি মনে কর আপনার অন্তরস্থ বা দেবতা দিগের অন্তরস্থ করিয়া ব্রহ্মের স্বরূপ আমি সম্যক্ রূপে জানিয়াছি, তবে তুমি ব্রহ্মের স্বরূপ অতি অল্পই জানিয়াছ, ব্রহ্ম অদ্যাপি তোমার বিচারণীয় হয়েন। পরে

নু মীমাংস্যমেব তে মন্যে বিদিতং ॥ ৯ ॥

নাহং মন্যে সুবেদেতি নোন বেদেতি বেদ চ। যোনস্তদ্বেদ তদ্বেদ নো ন বেদেতি বেদ চ॥১০॥

যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ।

স্বানুভবং কৃত্বা উবাচ। মন্যেহমিদানীং বিদিতং ব্রহ্মেতি॥৯॥

কথমিতি শৃণুত। ন অহং মন্যে সুবেদ ব্রহ্ম ইতি। নৈবং তর্হি বিদিতং ত্বয়া ব্রহ্ম ইত্যুক্তআহ। নোন বেদ ইতি বেদেবেতি নো বেদ চ। যদি ন মন্যসে বেদেতি কথং মন্যসে বেদৈবেতি অথ মন্যসে বেদৈবেতি কথং ন মন্যসে বেদেতি। এবমাচার্য্যেণ বিচাল্যমানোপি শিষ্যোন বিচচাল। কথমিত্যুচ্যতে। যঃ কশ্চিৎ নঃ অস্মাকং মধ্যে তৎ উক্তং বচনং তত্ত্বতঃ বেদ সঃ তৎ ব্রহ্ম বেদ কিং পুনস্তদ্বচনমিত্যাহ নো ন বেদ ইতি বেদ চ ইতি॥১০॥

শিষ্যাচার্য্যসম্বাদনির্বৃত্তমর্থং অববোধয়তি। যস্য ব্রহ্মবিদঃ

শিষ্য কিঞ্চিৎ কাল চিন্তা করিয়া কহিলেন, এখন আমি ব্রহ্মকে জানিয়াছি॥ ৯॥

এমত মনে করি না যে আমি ব্রহ্মকে সুন্দর রূপে জানিয়াছি। ইহা মনে করি না যে তাঁহাকে আমি জানি না, আর ইহাও মনে করি না যে তাঁহাকে আমি নিশ্চিত জানি। তাঁহাকে জানি না আর তাঁহাকে জানি এই বাক্যের তাৎপর্য্য আমারদিগের মধ্যে যে ব্যক্তি জানিতে পারেন, তিনিই ব্রহ্মকে জানেন॥ ১০॥

যাঁহার ইহা নিশ্চয় হইয়াছে যে ব্রহ্মকে জানা যায় না

অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাং। ১১।
প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে।
আত্মনা বিন্দতে বীর্য্যং বিদ্যয়া বিন্দতেমৃতং। ১২।

অমতং অবিজ্ঞাতং অবিদিতং ব্রহ্ম তস্য মতং জ্ঞাতং সম্যগ ব্রহ্মেত্যভিপ্রায়ঃ। যস্য পুনঃ মতং জ্ঞাতং বিদিতং ময়া ব্রহ্মেতি নিশ্চয়ঃ ন ব্রহ্ম বেদ বিজানাতি সঃ। অবিজ্ঞাতং অমতমবিদিতমেব ব্রহ্ম বিজানতাং সম্যগ্বিদিতবতাং। বিজ্ঞাতং বিদিতং ব্রহ্ম অবিজানতাং অসম্যগ্দর্শিনাং॥ ১১॥

কথং ব্রহ্ম সম্যগ্বিদিতং ভবতীত্যেবমথ মাহ। প্রতিবোধবিদিতং বোধং সমস্তং প্রতি বিদিতং বোধশব্দেন বৌদ্ধাঃ প্রত্যয়াউচ্যন্তে সর্ব্বে প্রত্যয়াবিষয়ীভবন্তি যস্য সঃ আত্মা সর্ব্ব বোধান্ প্রতি বুধ্যতে সর্ব্ব প্রত্যয়দর্শী চিচ্ছক্তিস্বরূপমাত্রঃ। অতঃ প্রত্যয়প্রত্যগাত্মতয়া বিদিতং ব্রহ্ম যদা তদা তৎ মতং সমগ্দর্শনং ভবতি। তথা সতি অমৃতত্বং অমরণভাবং মোক্ষং বিন্দতে হি এব আত্মনা স্বেন যত্নেন বিন্দতে লভতে বীর্য্যং ব্রহ্মবিদ্যাবীর্য্যং বিদ্যয়া ব্রহ্মবিষয়য়া বিন্দতে অমৃতং॥ ১২॥

তিনি তাঁহাকে জানিয়াছেন, আর যাহার এরূপ নিশ্চয় হইয়াছে যে ব্রহ্মকে আমি জানিয়াছি তিনি তাঁহাকে জানেন নাই। জ্ঞানবান ব্যক্তির বিশ্বাস এই যে ব্রহ্ম জ্ঞেয় হয়েন না, আর অজ্ঞ ব্যক্তির বিশ্বাস এই যে তিনি জ্ঞেয় হয়েন॥ ১১॥

যখন প্রত্যেক বোধের জ্ঞাতা করিয়া ব্রহ্মকে জানা যায় তখনই ব্রহ্ম বিদিত হয়েন, এইরূপে তাঁহাকে জানিলে জীব অমৃত হয়, আর যত্নের দ্বারা ব্রহ্ম জ্ঞানে সামর্থ্য হয়, ব্রহ্মজ্ঞানের দ্বারা জীব অমৃত হয়॥ ১২॥

ইহ চেদবেদীদথ সত্যমস্তি ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ। ভূতেষু ভূতেষু বিচিন্ত্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি॥ ১৩॥

ব্রহ্ম হ দেবেভ্যো বিজিগ্যে তস্য হ ব্রহ্মণো-

ইহ এব চেৎ যদি মনুষ্যঃ অবেদীৎ বিদিতবান্ আত্মানং যথোক্তলক্ষণং অথ তদা অস্তি সত্যং পরমার্থতঃ। ইহ জীবন্ চেৎ ন অবেদীৎ বিদিতবান্ তদা তস্য মহতী দীর্ঘা বিনষ্টিঃ বিনাশনং জন্মমরণাদিসংসারগতিঃ। তস্মাদেবঙ্গুণদোষৌ বিজানন্তঃ ভূতেষু ভূতেষু স্থাবরেষু চরেষু চ একং ব্রহ্ম বিচিন্ত্য বিজ্ঞায় সাক্ষাৎকৃত্য ধীরাঃ ধীমন্তঃ প্রেত্য উপরম্য অস্মাৎ লোকাৎ অমৃতাঃ ভবন্তি। ১৩।

ইদং ব্রহ্ম অবিজ্ঞাতত্বাদসদেবেতি মন্দবুদ্ধীনাং ব্যামোহোমাভূদিতি তদর্থা ইয়ং আখ্যায়িকা আরভ্যতে। ব্রহ্ম যথোক্তলক্ষণং পরং হ কিল দেবেভ্যঃ অর্থায় বিজিগ্যে জয়ং লব্ধবৎ। দেবানামসুরাণাঞ্চ সংগ্রামেঽসুরান্ জিত্বা জগদরাতীন্ ঈশ্বরসেতুভেত্তৄন্ দেবেভ্যো জয়ং তৎফলঞ্চ প্রায়চ্ছৎ। তস্য ব্রহ্মণঃ হ কিল বিজয়ে দেবাঃ অগ্ন্যাদয়ঃ অমহীয়ন্ত মহি-

যদি কেহ ইহকালে ব্রহ্মকে জানেন, তবে তাঁহার মোক্ষ হয়। আর যদি কেহ ইহ কালে তাঁহাকে না জানেন, তবে তাঁহার মহতী হানি হয়। ধীর সকল প্রতি বস্তুতে তাঁহাকে জানিয়া ইহ লোক হইতে অবসৃত হইয়া অমৃত হয়েন॥ ১৩॥

ব্রহ্ম অগ্ন্যাদি দেবতাদিগকে অসুর হইতে জয়ী করিয়া-

বিজয়ে দেবা অমহীয়ন্ত ত ঐক্ষন্তাস্মাকমেবায়ং
বিজয়োস্মাকমেবায়ং মহিমেতি ॥ ১৪ ॥

তদ্ধৈষাং বিজজ্ঞৌ তেভ্যোহ প্রাদুর্ব্বভূব
তন্ন ব্যজানত কিমিদং যক্ষমিতি ॥ ১৫ ॥

মানং প্রাপ্তবন্তঃ তদাত্মসংস্থস্য প্রত্যগাত্মনঈশ্বরস্য সর্ব্বজ্ঞস্য প্রাণিনাং সর্ব্বক্রিয়াফলসংযোজয়িতুঃ সর্ব্বশক্তেরয়ং জয়োমহিমা চ ইত্যজানন্তঃ তে দেবাঃ ঐক্ষন্ত ঈক্ষিতবন্তঃ অস্মাকংএব অয়ং বিজয়ঃ অস্মাকং এব অয়ং মহিমা ইতি ॥ ১৪ ॥

এবং মিথ্যাভিমানেক্ষণবতাং এষাং তৎ মিথ্যেক্ষণং হ কিল বিজজ্ঞৌ বিজ্ঞাতবৎ ব্রহ্ম সর্ব্বেক্ষিতৃ হি তৎ। দেবানাঞ্চ মিথ্যাজ্ঞানমুপলভ্য মৈবাসুরবন্মিথ্যাভিমানাৎ পরাভবেযুরিতি তদনুকম্পয়া দেবান মিথ্যাভিমানাপনোদেন অনুগৃহ্ণীয়ামিতি তেভ্যঃ অর্থায় হ কিল প্রাদুর্ব্বভূব স্বনির্ম্মিতেন অত্যদ্ভুতেন বিস্মাপনীয়েন রূপেণ দেবানাং ইন্দ্রিয়গোচরে প্রাদুর্ব্বভূব। তৎ প্রাদুর্ভূতং ব্রহ্ম ন ব্যজানত ন বিজ্ঞাতবন্তঃ দেবাঃ কিং ইদং যক্ষং পূজ্যং মহদ্ভূতং ইতি ॥ ১৫ ॥

ছিলেন, সেই জয়ে দেবতারা মনে করিলেন যে এই জয় আমারদিগের মহিমা দ্বারাই হইয়াছে ॥ ১৪ ॥

দেবতাদিগের এই মিথ্যাভিমান দূরীকরণ নিমিত্তে ব্রহ্ম কোন আশ্চর্য্য রূপের দ্বারা তাঁহারদিগের ইন্দ্রিয় গোচরে আবির্ভূত হইলেন। দেবতারা জানিতে পারিলেন না যে এই যে বরণীয় রূপ, ইনি কে ॥ ১৫ ॥

তেঽগ্নিমব্রুবন্ জাতবেদ এতদ্বিজানীহি কি-
মেতদ্যক্ষমিতি তথেতি ॥ ১৬ ॥

তদভ্যদ্রবৎ তমভ্যবদৎ কোঽসীতি অগ্নির্বা-
অহমস্মীত্যব্রবীজ্জাতবেদা বা অহমস্মীতি ॥ ১৭ ॥

তস্মিংস্ত্বয়ি কিং বীর্য্যমিত্যপীদং সর্ব্বং দ-
হেয়ং যদিদং পৃথিব্যামিতি ॥ ১৮ ॥

তে তদজানন্তোদেবাঃ সান্তর্ভয়াঃ তদ্বিজিজ্ঞাসবঃ অগ্নিং অব্রুবন্ উক্তবন্তঃ হে জাতবেদঃ এতৎ অস্মদ্গোচরস্থং বিজানীহি বিশেষতোবুধ্যস্ব ত্বং কিং এতৎ যক্ষং ইতি। অগ্নিরুবাচ। তথা অস্তু ইতি ॥ ১৬ ॥

তৎ যক্ষং অভ্যদ্রবৎ প্রতিগতবানগ্নিঃ তং গতবন্তম্পিপৃচ্ছিষুমগ্নিং অভ্যবদৎ প্রত্যভাষত তদ্ যক্ষং কঃ অসি ইতি এবং ব্রহ্মণা পৃষ্টোঽগ্নিঃ অব্রবীৎ অগ্নিঃ বৈ নাম অহং প্রসিদ্ধঃ অস্মি ইতি জাতবেদাঃ বৈ অহং অস্মি ইতি ॥ ১৭ ॥

এবমুক্তবন্তং ব্রহ্ম অবোচৎ তস্মিন্ এবম্প্রসিদ্ধগুণনামবতি ত্বয়ি কিং বীর্য্যং সামর্থ্যং ইতি। সোঽব্রবীৎ ইদং সর্ব্বং অপি দহেয়ং যৎ ইদং স্থাবরাদি পৃথিব্যাং ইতি ॥ ১৮ ॥

দেবতারা অগ্নিকে কহিলেন, হে অগ্নি! ইনি কে তাহা তুমি জ্ঞাত হও। অগ্নি তাহা স্বীকার করিলেন ॥ ১৬ ॥

অগ্নি তাঁহার নিকটে গমন করিলে তিনি অগ্নিকে কহিলেন, কে তুমি। অগ্নি কহিলেন আমি অগ্নি, আমি জাতবেদা ॥১৭॥

তিনি কহিলেন তোমার কি সামর্থ্য আছে? অগ্নি কহিলেন পৃথিবীতে যে কিছু বস্তু আছে সে সমুদয়কে আমি দগ্ধ করিতে পারি ॥ ১৮ ॥

তস্মৈ তৃণং নিদধাবেতদ্দহেতি তদুপপ্রেয়ায় সর্ব্বজবেন তন্ন শশাক দগ্ধুং সততএব নিববৃতে নৈতদশকং বিজ্ঞাতুং যদেতদ্‌যক্ষমিতি ॥ ১৯ ॥

অথ বায়ুমব্রুবন্ বায়বেতদ্বিজানীহি কিমেতদ্‌যক্ষমিতি তথেতি ॥ ২০ ॥

তস্মৈ এবমভিমানবতে ব্রহ্ম তৃণং নিদধৌ স্থাপিতবৎ পুরোগ্নেঃ এতৎ তৃণং মমাগ্রতঃ দহ ইতি। ইত্যুক্তঃ তৎ তৃণং উপপ্রেয়ায় সমীপং গতবান্ সর্ব্বজবেন বেগেন গত্বা ন শশাক নাশকৎ দগ্ধুং জাতবেদাঃ তৎ তৃণং। দগ্ধুমশক্তোব্রীড়িতোহতপ্রতিজ্ঞঃ সঃ ততঃ এব নিববৃতে নিবৃত্তঃ দেবান্ প্রতি গতবান্। ন এতৎ অস্মদ্গোচরস্থং অশকং শক্তবানহং বিজ্ঞাতুং বিশেষতোবোদ্ধুং যৎ এতৎ যক্ষং ইতি ॥ ১৯ ॥

অথ অনন্তরং বায়ুং অব্রুবন্ হে বায়ো এতৎ বিজানীহি কিং এতৎ যক্ষং ইতি। বায়ুরুবাচ। তথা ইতি ॥ ২০ ॥

তখন তিনি অগ্নির অগ্রে এক তৃণ রাখিয়া কহিলেন ইহাকে দহন কর, অগ্নি সেই তৃণের নিকটস্থ হইয়া তাঁহার সমুদয় শক্তি দ্বারাও তৃণকে দহন করিতে পারিলেন না। অগ্নি তাহা হইতে নিরস্ত হইলেন এবং দেবতাদিগের সমীপে যাইয়া কহিলেন আমি জানিতে পারিলাম না যে বরণীয় রূপ ইনি কে ॥ ১৯ ॥

অনন্তর দেবতারা বায়ুকে কহিলেন, হে বায়ু! ইনি কে তাহা তুমি জ্ঞাত হও। বায়ু তাহা স্বী

তদভ্যদ্রবৎ তমভ্যবদৎ কোঽসীতি বায়ুর্ব্বা অহ-
মস্মীত্যব্রবীন্মাতরিশ্বা বা অহমস্মীতি ৷৷ ২১ ৷৷

তস্মিংস্ত্বয়ি কিং বীর্য্যমিত্যপীদং সর্ব্বমাদ-
দীয় যদিদং পৃথিব্যামিতি ৷৷ ২২ ৷৷

তস্মৈ তৃণং নিদধাবেতদাদৎস্বেতি তদুপপ্রে-

তৎ যক্ষং অভ্যদ্রবৎ বায়ুঃ। তং বায়ুং অভ্যবদৎ যক্ষং কঃ অসি ইতি। বায়ুঃ বৈ অহং অস্মি ইতি অব্রবীৎ মাতরিশ্বা বৈ অহং অস্মি ইতি ॥ ২১ ॥

ব্রহ্ম অবোচৎ তস্মিন্ ত্বয়ি কিং বীর্য্যং ইতি। বায়ুরব্রবীৎ ইদং সর্ব্বং অপি আদদীয় গৃহ্নীয়াং যৎ ইদং পৃথিব্যাং ইতি ॥ ২২ ॥

তস্মৈ বায়বে ব্রহ্ম তৃণং নিদধৌ এতৎ আদৎস্ব ইতি। বায়ুঃ তৎ উপপ্রেয়ায় সর্ব্বজবেন তৎ ন শশাক আদাতুং।

বায়ু তাঁহার নিকটে গমন করিলে তিনি বায়ুকে কহিলেন, কে তুমি। বায়ু কহিলেন, আমি বায়ু আমি মাতরিশ্বা ॥ ২১ ॥

তিনি কহিলেন তোমার কি সামর্থ্য আছে? বায়ু কহিলেন পৃথিবীতে যে কিছু বস্তু আছে সে সমুদয়কে আমি গ্রহণ করিতে পারি ॥ ২২ ॥

তখন তিনি বায়ুর অগ্রে এক তৃণ রাখিয়া কহিলেন ইহা গ্রহণ কর; বায়ু সেই তৃণের নিকটস্থ হইয়া তাঁহার সমুদয় শক্তি দ্বারাও তৃণকে চালাইতে পারিলেন না। বায়ু তাহা

য়ায় সর্ব্বজবেঁন তন্ন শশাকাদাতুং সতত এব নিব-
বৃতে নৈতদশকং বিজ্ঞাতুং যদেতদ্ যক্ষমিতি ৷৷ ২৩ ৷৷

অথেন্দ্রমব্রুবন্ মঘবন্নেতদ্বিজানীহি কিমেত-
দ্যক্ষমিতি তথেতি তদভ্যদ্রবৎ তস্মাত্তিরোদধে
৷৷ ২৪ ৷৷

সতস্মিন্নেবাকাশে স্ত্রিয়মাজগাম বহুশোভ-

সঃ ততঃ এব নিবৱৃতে ন এতৎ অশকং বিজ্ঞাতুং যৎ এতৎ
যক্ষং ইতি ৷ ২৩ ৷

অথ ইন্দ্রং অব্রুবন্ হে মঘবন্ ইন্দ্র এতৎ বিজানীহি কিং
এতৎ যক্ষং ইতি। ইন্দ্রউবাচ। তথা ইতি। তৎ যক্ষং
অভ্যদ্রবৎ ইন্দ্রঃ তস্মাৎ ইন্দ্রাদাত্মসমীপংগতাৎ ব্রহ্ম তিরোদধে
তিরোভূতং ইন্দ্রস্য ইন্দ্রত্বাভিমানোতিতরাং নিরাকর্ত্তব্যঃ
ইত্যতঃ সম্বাদমাত্রমপি ন অদাৎ ব্রহ্ম ইন্দ্রায় ৷ ২৪ ৷

ব্রহ্মণস্তিরোধানকালে ইন্দ্রোযস্মিন্নাকাশে আসীৎ সঃ ইন্দ্রঃ
তস্মিন্ এব আকাশে তস্থৌ কিন্তুৎ যক্ষমিতি ধ্যায়ন ন নিব-

হইতে নিরস্ত হইলেন এবং দেবতাদিগের সমীপে গিয়া কহিলে-
ন আমি জানিতে পারিলাম না যে বরণীয় রূপ ইনি কে ৷ ২৩ ৷

অনন্তর দেবতারা ইন্দ্রকে কহিলেন, হে ইন্দ্র! ইনি কে
তাহা তুমি জ্ঞাত হও। ইন্দ্র তাহা স্বীকার করিয়া তাঁহার
নিকটে গমন করিলেন, তখন তিনি ইন্দ্র হইতে অন্তর্হিত
হইলেন ৷ ২৪ ৷

ব্রহ্মের অন্তর্দ্ধান সময়ে যে আকাশে ইন্দ্র ছিলেন, সেই
আকাশেই থাকিয়া বিদ্যারূপা হেম ভূষণ ভূষিতা বহু শোভ-

মানাম্‌ুমাং হৈমবতীং তাং হোবাচ কিমেতদ্যক্ষমিতি ॥ ২৫ ॥

ব্রহ্মেতি হোবাচ ব্রহ্মণোবাএতদ্বিজয়ে মহীয়ধ্বমিতি ততোহৈব বিদাঞ্চকার ব্রহ্মেতি ॥ ২৬॥

ব্রূতে অগ্ন্যাদিবৎ। ততঃ ইন্দ্রস্য যক্ষে ভক্তিংবুদ্ধা উমারূপিণী বিদ্যা প্রাদুরভূৎ স্ত্রীরূপাং তাং উমাং বহুশোভমানাং হৈমবতীং হেমকৃতাভরণবতীং স্ত্রিয়ং আজগাম উপজগাম ইন্দ্রঃ। তাং উমাং হ কিল উবাচ পপ্রচ্ছ। ব্রূহি কিং এতৎ দর্শয়িত্বা তিরোভূতং যক্ষং ইতি ॥ ২৫ ॥

সা ব্রহ্ম ইতি হ উবাচ ব্রহ্মণঃ ঈশ্বরস্য বৈ বিজয়ে ঈশ্বরেণ জিতা অসুরাঃ যূয়ং তত্র নিমিত্তমাত্রং তস্যৈব বিজয়ে যূয়ং এতৎ মহীয়ধ্বং মহিমানং প্রাপ্নুথ ইতি মিথ্যাভিমানস্তু যুষ্মাকং। ততঃ তস্মাদুমাবাক্যাৎ হ কিল এব ইন্দ্রঃ বিদাঞ্চকার ব্রহ্ম ইতি ॥ ২৬ ॥

মানা উমা নাম্নী কোন স্ত্রীরূপকে নিকটস্থ দেখিলেন এবং তাঁহাকে জিজ্ঞাসা করিলেন যে বরণীয় রূপ যিনি এই ক্ষণে অন্তর্দ্ধান করিলেন, তিনি কে ॥ ২৫ ॥

বিদ্যা কহিলেন ব্রহ্ম হইতে তোমারদিগের জয় হইয়াছিল, তাহাতে তোমরা গর্ব্ব করিয়াছ যে তোমারদিগের দ্বারাই জয় হয়। এই মিথ্যাভিমান নিবারণের নিমিত্তে ব্রহ্ম আবির্ভূত হইয়াছিলেন, ইন্দ্র ইহা শ্রবণ করিয়া ব্রহ্মকে জ্ঞাত হইলেন ॥ ২৬ ॥

তস্মাদ্বা এতে দেবা অতিতরামিবান্যান্ দেবান্ য়দগ্নির্ব্বায়ুরিন্দ্রঃ তে হ্যেনৎ নেদিষ্ঠং পস্পর্শুঃ তে হ্যেনৎ প্রথমোবিদাঞ্চকার ব্রহ্মেতি ॥ ২৭ ॥

তস্মাদ্বা ইন্দ্রো অতিতরামিবান্যান্ দেবান্ সহ্যেনৎ নেদিষ্ঠং পস্পর্শ সহ্যেনৎ প্রথমোবিদাঞ্চকার ব্রহ্মেতি ॥ ২৮ ॥

তস্মাৎ বৈ এতে দেবাঃ যৎ অগ্নিঃ বায়ুঃ ইন্দ্রঃ ব্রহ্মণঃ সম্বাদদর্শনাদিনা সামীপ্যমুপগতাঃ অতিতরাং অতিশয়েন তে ইব অন্যান্ দেবান্ তে হি যস্মাৎ এনং ব্রহ্ম নেদিষ্ঠং অন্তিকতমং পস্পর্শুঃ স্পৃষ্টবন্তঃ যথোক্তৈর্ব্রহ্মণঃ সম্বাদদর্শনাদিপ্রকারৈঃ তে হি যস্মাৎ হেতোঃ এনৎ ব্রহ্ম প্রথমঃ প্রধানাঃ সন্তঃ বিদাঞ্চকার বিদাঞ্চক্রুরিত্যেতৎ ব্রহ্ম ইতি ॥ ২৭ ॥

তস্মাৎ বৈ ইন্দ্রঃ অতিতরাং অতিশেতে ইব অন্যান্ দেবান্ সঃ হি যস্মাৎ এনৎ নেদিষ্ঠং পস্পর্শ সঃ হি যস্মাচ্চ হেতোঃ এনৎ প্রথমঃ বিদাঞ্চকার ব্রহ্ম ইতি। ইন্দ্রেণ হ্যুমাবাক্যাৎ প্রথমং শ্রুতং। অগ্নিবায়ূ অপি ইন্দ্রবাক্যাদেব বিদাঞ্চক্রতুঃ ॥ ২৮ ॥

অগ্নি, বায়ু এবং ইন্দ্র ইঁহারা ব্রহ্মের নিকটস্থ হইয়াছিলেন. এবং পরম্পরায় ব্রহ্মকে জানিয়াছিলেন সেই নিমিত্তে তাঁহারা অন্য দেবতা অপেক্ষা প্রধান হয়েন ॥ ২৭ ॥

ইন্দ্র ব্রহ্মের অধিকতর নিকটস্থ হইয়াছিলেন এবং তিনি অগ্রে ব্রহ্মকে জানিয়াছিলেন সেই নিমিত্তে অগ্নি বায়ু অপেক্ষাও ইন্দ্র প্রধান হয়েন ॥ ২৮ ॥

তস্যৈষ আদেশো যদেতদ্বিদ্যুতো ব্যদ্যুতদা ই-
তীতি ন্যমীমিষদা ইত্যধিদৈবতং ॥ ২৯ ॥

অথাধ্যাত্মং যদেতদ্গচ্ছতীব চ মনোনেন চৈত-
দুপস্মরত্যভীক্ষ্ণং সংকল্পঃ ॥ ৩০ ॥

তদ্ধ তদ্বনং নাম তদ্বনমিত্যুপাসিতব্যং । স-

তস্য প্রকৃতস্য ব্রহ্মণঃ এষঃ আদেশঃ উপমোপদেশঃ । কিং তৎ যৎ এতৎ প্রসিদ্ধং লোকে বিদ্যুতঃ ব্যদ্যুতৎ বিদ্যুতোবিদ্যোতনং আ, ইব ইতি অর্থমাদেশঃ । ইতি অপুরঃ আদেশঃ কোসৌ আদেশঃ চক্ষুঃ ন্যমীমিষৎ নিমেষং কৃতবৎ আ যথা । ইতি অধিদৈবতং দেবতাবিষযং ব্রহ্মণউপমানদর্শনং ॥২৯॥

অথ অনন্তরং অধ্যাত্মং প্রত্যগাত্মবিষযআদেশউচ্যতে । মনঃ যৎ এতৎ ব্রহ্ম গচ্ছতি ইব চ বিষযীকরোতীব চ । অনেন চ মনসা এতৎ ব্রহ্ম উপস্মরতি সমীপতঃ স্মরতি সাধকঃ তস্য সাধকস্য অভীক্ষ্ণং ভৃশং সঙ্কল্পঃ ॥ ৩০ ॥

কিঞ্চ তৎ ব্রহ্ম হ কিল তদ্বনং তস্য বনং তস্য তস্য

ব্রহ্মের উপদেশে ইন্দ্রিয় গোচর বস্তুরদ্বারা উপমা মাত্র এই যে, যে প্রকার বিদ্যুতের বিদ্যোতন কিম্বা চক্ষুর নিমেষ, সেই প্রকার তিনি প্রকাশ পায়েন ॥ ২৯ ॥

অধ্যাত্ম বিষয়ক উপদেশ এই, মন যেন ব্রহ্মের নিকট গমন করেন, মনের দ্বারা উপাসক ব্যক্তি তাঁহাকে সমীপস্থ করিয়া স্মরণ করেন, উপাসকের ইহাই সঙ্কল্প ॥ ৩০ ॥

ব্রহ্ম সমুদয় বস্তুর অন্তরাত্মারূপে সম্ভজনীয় বলিয়া

যএতদেবং বেদাহভি হৈনং সর্ব্বাণি ভূতানি সং-
বাঞ্ছন্তি ॥ ৩১ ॥

উপনিষদং ভো ব্রূহীত্যুক্তা তউপনিষৎ
ব্রাহ্মীং বাব তউপনিষদমব্রূমেতি ॥ ৩২ ॥

প্রাণিজাতস্য প্রত্যগাত্মভূতত্বাদ্বননীয়ং সম্ভজনীয়ং অতঃ তদ্বনং নাম প্রখ্যাতং। ইতি অনেনৈব গুণাভিধানেন তদ্বনং উপাসিতব্যং চিন্তনীয়ং। সঃ যঃ কশ্চিৎ এতৎ যথোক্তং ব্রহ্ম এবং যথোক্তগুণং বেদ উপাস্তে এনং উপাসকং হ কিল সর্ব্বাণি ভূতানি অভি সংবাঞ্ছন্তি প্রতিপ্রার্থয়ন্তি ॥ ৩১ ॥

এবমনুশিষ্টঃ শিষ্যআচার্য্যমুবাচ। উপনিষদং ভো ভগবন্ ব্রূহি ইতি। এবমুক্তবতে শিষ্যায় আহ আচার্য্যঃ। উক্তা তে তব উপনিষৎ। কা পুনঃ সা ইত্যাহ ব্রাহ্মীং ব্রহ্মণঃ পরমাত্মনইয়ং ব্রাহ্মী তাং বাব এব তে তব অগ্রে উপনিষদং অব্রূম ইতি ॥ ৩২ ॥

কথিত হয়েন। অন্তরাত্মারূপে সম্ভজনীয় করিয়া তিনি উপাসনীয় হয়েন। যে ব্যক্তি ব্রহ্মকে এইরূপ জানেন তাঁহাকে প্রাণি সকল প্রার্থনা করেন ॥ ৩১ ॥

শিষ্য কহিলেন, হে ভগবন্! আ
আচার্য্য কহিলেন, ব্রহ্ম সম্বন্ধীয় উপনি
লাম ॥ ৩২ ॥

তস্যৈ তপোদমঃ কর্ম্মেতি প্রতিষ্ঠা বেদাঃ সর্ব্বাঙ্গানি সত্যমায়তনং ॥৩৩॥

যো বা এতামেবং বেদাপহত্য পাপ্মানমনন্তে স্বর্গে লোকে জ্যেয়ে প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি ॥ ৩৪ ॥

ইতি তলবকারোপনিষৎ সমাপ্তা।

তস্যৈ তস্যা উক্তায়া উপনিষদঃ প্রাপ্ত্যুপায়ভূতানি তপআদীনি. তপঃ কামেন্দ্রিয়মনসাং সমাধানং দমঃ উপশমঃ কর্ম্ম সাধু ইত্যাদি। প্রতিষ্ঠা অস্যাঃ উপনিষদঃ বেদাঃ চত্বারঃ সর্ব্বাঙ্গানি সর্ব্বাণি চ অঙ্গানি শিক্ষাদীনি । সত্যং আয়তনং যত্র তিষ্ঠত্যুপনিষৎ তদায়তনং সত্যং ॥ ৩৩ ॥

যঃ বৈ এতাং ব্রহ্মবিদ্যাং এবং যথোক্তাং বেদ সঃ অপহত্য পাপ্মানং অনন্তে অপর্য্যন্তে স্বর্গে লোকে সুখাত্মকে জ্যেয়ে মহতি প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি ॥ ৩৪ ॥

ইতি তলবকারোপনিষদ্বৃত্তিঃ সমাপ্তা।

উপনিষদের প্রাপ্তির উপায় তপঃ, দম এবং সৎকর্ম্ম। উপনিষদের আশ্রয় বেদ এবং বেদাঙ্গ সকল। আর উপনিষদের আধার সত্য ॥ ৩৩ ॥

যে ব্যক্তি এই ব্রহ্মবিদ্যা জানেন, তিনি পাপ হইতে [illegible] শ্রেষ্ঠ যে অনন্ত স্বর্গ লোক তাহাতে স্থিতি [illegible]য়ন ॥ ৩৪ ॥

[illegible] তলবকারোপনিষৎ সমাপ্ত।

ওঁ সহ নাববতু সহ নৌ ভুনক্তু সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু মাবিদ্বিষাবহৈ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ। ওঁ।

অথ শিষ্যাচার্য্যয়োঃ পরস্পরানুকূল্যসিদ্ধয়ে তৎপ্রাতিকূল্যশান্তিকরং মন্ত্রমাহ। তৎ ব্রহ্ম নৌ গুরুশিষ্যাবাবামুভৌ সহ অবতু রক্ষতু। তথা সহ নৌ ভুনক্তু পালয়তু। যথা গুরুর্নিরালস্যঃ উপদিশতি যথাচাহং উপদিষ্টমর্থং অপ্রতিপত্তিরহিতোগৃহ্লামি তথা রক্ষণমুপদেশকালে প্রার্থ্যতে। সহ পরস্পরং বিদ্যায়াং বীর্য্যং সামর্থ্যং করবাবহৈ। তস্মিংশ্চ সামর্থ্যকরণে এষউপায়ঃ সম্প্রার্থ্যতে। নৌ গুরুশিষ্যয়োরাবয়োঃ সম্বন্ধি যৎ অধীতং গ্রন্থজাতং তৎ তেজস্বি স্বার্থপ্রকাশকং অস্তু। মাবিদ্বিষাবহৈ আবাঞ্চ পরস্পরং দ্বেষং মাকরবাবহৈ। গুরুণা নসম্যগ্ব্যাখ্যাতমিতি শিষ্যস্যাপরিতোষো দ্বেষঃ। তথা শুশ্রূষাঞ্চ সমীচীনেতি গুরোরপরিতোষঃ। তদুভয়ং মাভূদিত্যর্থঃ। অন্তর্যামিনং পরোক্ষং ব্রহ্ম তদ্বাচকেন প্রণবেনানুস্মৃত্য বিঘ্নশান্তিরস্ত্বিতি প্রার্থ্যতে।

ব্রহ্ম আমারদিগের উভয় গুরু শিষ্যকে রক্ষা করুন, তিনি
প্রতিপালন করুন এবং বিদ্যা উপ-
আমারদিগের উভয়কে সামর্থ্য প্রদান
অনুগ্রহে আমারদিগের উভয়ের অধীত
শক হউক এবং আমাদিগের উভয়ে
দ্বেষ না হয়।

উপনিষৎ পাঠকালে আদ্যন্তে শান্তি পাঠ কর্ত্তব্য, ইহা সাম্প্রদায়িক পরম্পরায় প্রাপ্ত হওয়া যায়, তদনুসারে প্রথমেই শান্তি পাঠ মন্ত্র দেওয়া গেল, সুতরাং শেষে পুনর্ব্বার আর দিবার আবশ্যক নাই ইতি।

কঠোপনিষৎ

প্রথমা বল্লী

উশন্ হ বৈ বাজশ্রবসঃ সর্ব্ববেদসন্দদৌ।
তস্য হ নচিকেতানাম পুত্র আস ॥ ১ ॥
তং হ কুমারং সন্তং দক্ষিণাসু নীয়মানাসু
শ্রদ্ধাবিবেশ সোঽমন্যত ॥ ২ ॥

অথ কাঠকোপনিষদ্বল্লীনাং সুখার্থপ্রবোধনার্থমল্পগ্রন্থা বৃত্তিরারভ্যতে। তত্রাখ্যায়িকা বিদ্যাস্তুত্যর্থা।

বাজমন্নং তদ্দাননিমিত্তং শ্রবো যশো যস্য স বাজশ্রবাঃ তস্যাপত্যং বাজশ্রবসঃ বিশ্বজিতা ঈজে উশন্ তৎফলং কাময়মানঃ হ বৈ ইতি বৃত্তার্থস্মরণার্থৌ নিপাতৌ সচ তস্মিন্ ক্রতৌ সর্ব্ববেদসং সর্ব্বং ধনং দদৌ দত্তবান্। তস্য যজমানস্য নচিকেতাঃ নাম পুত্রঃ হ কিল আস বভূব ॥ ১ ॥

তং নচিকেতসং হ কুমারং প্রথমবয়সং সন্তং শ্রদ্ধা পিতুর্হিতকামপ্রযুক্তা আবিবেশ প্রবিষ্টবতী। কস্মিন্ কালে ইত্যাহ। ঋত্বিগ্ভ্যঃ সদস্যেভ্যশ্চ দক্ষিণাসু দক্ষিণার্থাসু গোষু নীয়মানাসু বিভাগেনোপনীয়মানাসু। সঃ আবিষ্টশ্রদ্ধো নচিকেতাঃ অমন্যত আলোচিতবান্ ॥ ২ ॥

...ল কামনা করিয়া সর্ব্বস্ব দান
...ম তাঁহার এক পুত্র ছিল ।১।
...ই কুমারের মনে শ্রদ্ধা প্রবেশ
...করিলেন ।২।

পীতোদকাজগ্ধতৃণাদুগ্ধদোহানিরিন্দ্রিয়াঃ।

অনন্দানাম তে লোকাস্তান্ সগচ্ছতি তাদদৎ ।৩।

সহোবাচ পিতরং তত কস্মৈ মান্দাস্যসীতি। দ্বিতীয়ং তৃতীয়ন্তং হোবাচ মৃত্যবে ত্বা দদামীতি ।৪।

কথমিত্যুচ্যতে। পীতমুদকং যাভিঃ তাঃ পীতোদকাঃ জগ্ধং ভক্ষিতং তৃণং যাভিঃ তাঃ জগ্ধতৃণাঃ দুগ্ধোদোহঃ ক্ষীরাখ্যো-যাসাং তাঃ দুগ্ধদোহাঃ নিরিন্দ্রিয়াঃ অপ্রজননসমর্থাজীর্ণা নিষ্ফলাগাবইত্যর্থঃ। তাঃ এবম্ভূতাগাঃ ঋত্বিগ্‌ভ্যোদক্ষিণাবুদ্ধ্যা দদৎ প্রয়চ্ছন্ অনন্দাঃ অনানন্দাঃ নাম তে লোকাঃ তান্ সঃ যজমানঃ গচ্ছতি ॥ ৩ ॥

তদেবন্ধক্রতুসম্পত্তিনিমিত্তং পিতুরনিষ্টং ফলং ময়া পুত্রেণ সতা নিবারণীয়ং আত্মপ্রদানেনাপি ক্রতুসম্পত্তিং কৃত্বা, এবম্মত্বা পিতরমুপগম্য সঃ হ উবাচ পিতরং হে তত তাত কস্মৈ ঋত্বিগ্বিশেষায় দক্ষিণার্থং মাং দাস্যসি প্রয়চ্ছসি ইতি এতৎ। এবমুক্তেনাপি পিত্রা উপেক্ষ্যমাণোপি দ্বিতীয়ং তৃতীয়ং অপ্যুবাচ কস্মৈ মাং দাস্যসীতি। নায়ঙ্কুমারস্বভাবইতি ক্রুদ্ধঃ সন্ পিতা তং পুত্রং হ কিল উবাচ মৃত্যবে বৈবস্বতায় ত্বা ত্বাং দদামি ইতি ।৪

পীতোদকা জগ্ধতৃণা দুগ্ধদোহা নিরিন্দ্রিয়া, এমন নিষ্ফল গো সকল যে যজমান দান করেন, তিনি আনন্দ শূন্য যে সকল লোক আছে, তাহাতেই যান। ৩।

অতএব পিতার অনিষ্ট আপনাকে দিয়াও নিবারণীয় ভাবিয়া পিতাকে কহিলেন, হে তাত! আমাকে কোন্ ক্কে দান করিবে? দুইবার বলিলেন, তিনবার বলিলেন তাহাতে পিতা ক্রুদ্ধ হইয়া উত্তর করিলেন, তোমারে আমি ক্কে দিব। ৪।

বহূনামেমি প্রথমোবহূনামেমি মধ্যমঃ।
কিং স্বিদ্যমস্য কর্ত্তব্যং যন্ময়াদ্য করিষ্যতি ।৫।
অনুপশ্য যথা পূর্বে প্রতিপশ্য তথাপরে।

সএবমুক্তঃ পুত্রএকান্তে পরিদেবয়াঞ্চকার । বহূনাং পুত্রাণাং এমি গচ্ছামি প্রথমঃ সন্ মুখ্যয়া বৃত্ত্যেত্যর্থঃ। মধ্যমানাঞ্চ বহূনাং মধ্যমঃ মধ্যমৈয়েব বৃত্ত্যা এমি নাধময়া কদাচিদপি তমেববিশিষ্টগুণমপি পুত্রং মাং মৃত্যবে ত্বা দদামীতি উক্তবান্ পিতা। সঃ কিং স্বিৎ যমস্য কর্ত্তব্যং প্রয়োজনং যৎ কর্ত্তব্যং ময়া প্রত্তেন করিষ্যতি অদ্য ॥ ৫ ॥

প্রয়োজনমনপেক্ষ্যৈব ক্রোধবশাদুক্তবান্ পিতা তথাপি তৎ পিতুর্ব্বচো মৃষা মাভূদিত্যেবম্মত্বা পরিদেবনাপূর্ব্বকমাহ পিতরং শোকাবিষ্টং কিং ময়োক্তমিতি। অনুপশ্য আলোচয় যথা যেন প্রকারেণ বৃত্তাঃ পূর্ব্বে অতিক্রান্তাঃ পিতৃপিতামহাদয়স্তব তান্দৃষ্ট্বা চ তেষাং বৃত্তমাস্থাতুমর্হসি। বর্ত্তমানাশ্চ পরে সাধবোযথা বর্ত্তন্তে তাংশ্চ প্রতিপশ্য আলোচয় তথা। ন চ তেষু মৃষাকরণং বৃত্তমস্তি তদ্বিপরীতমসতাঞ্চ বৃত্তং মৃষাক-

নচিকেতা ভাবিতে লাগিলেন, অনেক শিষ্যের মধ্যে আমি প্রথম, অনেকের মধ্যে মধ্যম, কিন্তু অধম কখনই নহি, তবে পিতা আমাকে দিয়া যমের কি কোন কার্য্য সিদ্ধি করিবেন ?। ৫ ।

কিন্তু পিতার বাক্য মিথ্যা না হয় এই উদ্দেশে পিতাকে কহিলেন, পূর্ব্বে পূর্ব্বে যাহা হইয়া আসিয়াছে, তাহাও দেখুন,

শস্যমিব মর্ত্তঃ পচ্যতে শস্যমিবাজায়তে পুনঃ ।৬
বৈশ্বানরঃ প্রবিশত্যতিথির্ব্রাহ্মণোগৃহান্ ।
তস্যৈতাং শান্তিং কুর্ব্বন্তি হর বৈবস্বতোদকং ॥৭॥

রণঃ । ন চ মৃষা কৃত্বা কশ্চিদজরামরোভবতি ,যতঃ শস্যং ইব মর্ত্ত্যঃ মনুষ্যঃ পচ্যতে জীর্ণোম্রিয়তে মৃত্বা চ শস্যং ইব আজায়তে আবির্ভবতি পুনঃ । এবমনিত্যে জীবলোকে কিং মৃষাকরণেন । পালয়াত্মনঃ সত্যং প্রেষয় মাং যমায়েত্যভিপ্রায়ঃ ॥ ৬॥

সএবমুক্তঃ পিতা আত্মনঃ সত্যতায়ৈ প্রেষয়ামাস । সচ যমভবনং গত্বা তিস্রো রাত্রীরুবাস যমে প্রোষিতে । যমম্প্রোষ্যাগতমমাত্যাভার্য্যাবোচুর্ব্বোধয়ন্তঃ বৈশ্বানরঃ অগ্নিরেব সাক্ষাৎ প্রবিশতি অতিথিঃ সন্ ব্রাহ্মণঃ গৃহান্ দহন্নিব তস্য দাহং শময়ন্তইবাগ্নেঃ এতাং পাদ্যাসনাদিদানলক্ষণাং শান্তিং কুর্ব্বন্তি সন্তঃ অতঃ হর আহর হে বৈবস্বত উদকং ॥ ৭॥

এখনো যাহা হইতেছে তাহাও দেখুন। শস্যের ন্যায় মনুষ্য জীর্ণ হইয়া মরে,শস্যের ন্যায় আবার জন্ম গ্রহণ করে । এমন অনিত্য সংসারে মিথ্যায় কি প্রয়োজন । ৬ ।

তাঁহার কথায় পিতা তাঁহাকে যমের নিকট প্রেরণ করিলেন, যমের সঙ্গে তাঁহার তিন দি
যম গৃহে প্রত্যাগমন করিলে অমাত্য
ব্রাহ্মণ অতিথি হইয়া সাক্ষাৎ বৈশ্বান
প্রবেশ করেন, সৎলোকেরা সৎকার
করেন। হে বৈবস্বত ! পাদোদকং আন

আশাপ্রতীক্ষে সঙ্গতং সূনৃতাঞ্চেষ্টাপূর্ত্তে পুত্রপশূংশ্চ সর্ব্বান্। এতদ্বৃংক্তে পুরুষস্যাল্প-মেধসোযস্যানশ্নন্ বসতি ব্রাহ্মণোগৃহে ॥৮॥

তিস্রোরাত্রীর্যদবাৎসীর্গৃহে মেনশ্নন্ ব্রহ্মন্-

যতশ্চাকরণে প্রত্যবায়ঃ শ্রূয়তে। অনিজ্ঞাতার্থপ্রার্থনা আশা নিজ্ঞাতার্থপ্রাপ্তিপ্রতীক্ষণং প্রতীক্ষা তে আশাপ্রতীক্ষে সঙ্গতং সৎসংযোগজং ফলং সূনৃতাং চ সূনৃতা প্রিয়াবাক্ তন্নি-মিত্তঞ্চ ইষ্টাপূর্ত্তে ইষ্টং যাগজং ফলং পূর্ত্তং আরামাদিক্রি-য়াজং ফলং পুত্রপশূন্ চ পুত্রাংশ্চ পশূংশ্চ সর্ব্বান্। এতৎ স-র্ব্বং যথোক্তং বৃংক্তে আবর্জ্জয়তি নাশয়তীত্যেতৎ. পুরুষস্য অল্পমেধসঃ অল্পপ্রজ্ঞস্য যস্য গৃহে অনশ্নন্ অভুঞ্জানঃ ব্রা-হ্মণঃ বসতি। তস্মাদনুপেক্ষণীয়ঃ সর্ব্বাবস্থাস্বপ্যাতিথিরিত্য-র্থঃ। ৮।

এবমুক্তোমৃত্যুরুবাচ নচিকেতসমুপগম্য পূজাপুরঃসরং। তিস্রঃ রাত্রীঃ যৎ যস্মাৎ অবাৎসীঃ উষিতবানসি গৃহে মে মম অনশ্নন্ হে ব্রহ্মন্ অতিথিঃ সন্ নমস্যঃ নমস্কারার্হঃ। তস্মাৎ নমঃ তে-তুভ্যং অস্তু ভবতু হে ব্রহ্মন্ স্বস্তি ভদ্রং মে অস্তু

যে অল্পবুদ্ধি পুরুষের গৃহে ব্রাহ্মণ নিরাহারে বাস করেন তাহার আশা, প্রতীক্ষা, সাধুসঙ্গ, প্রিয় বচন, যজ্ঞফল, পুত্র ও পশু, সকলই বিনাশ প্রাপ্ত হয়। ৮।

যম কহিলেন, হে ব্রহ্মন্! যেহেতু আমার গৃহে তিন রাত্রি অনশনে যাপন করিয়াছ—নমস্য অতিথি তুমি, তোমাকে নম-

তিথির্মমস্যাঃ। নমস্তেহস্তু ব্রহ্মন্ স্বস্তি মেহস্তু ত-
স্মাৎ প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ্ব ॥৯॥

শান্তসংকল্পঃ সুমনাযথা স্যাৎ বীতমন্যু-
র্গৌতমোমাভিমৃত্যো। ত্বৎ প্রসৃষ্টং মাভি ব-
দেৎ প্রতীতএতৎ ত্রয়াণাং প্রথমং বরং বৃণে॥১০

তস্মাৎ ভবতোঽনশনেন মদ্গৃহবাসনিমিত্তাদ্দোষাৎ। যদ্যপি তব তাবদনুগ্রহেণ সর্ব্বং মম স্বস্তি স্যাত্তথাপি ত্বদধিকসম্প্রসাদনার্থং অনশনেনোপোষিতাস্তিস্রোরাত্রীঃ প্রতি ত্রীন বরান্ অভিপ্রেতার্থবিশেষান্ বৃণীষ্ব প্রার্থয়স্ব মত্তঃ। ৯।

নচিকেতাস্ত্বাহ। যদি দিৎসুর্ব্বরান্ উপশান্তঃ সঙ্কল্পোযস্য মাং প্রতি যমং প্রাপ্য কিন্নু করিষ্যতি মম পুত্রইতি সঃ শান্তসঙ্কল্পঃ সুমনাঃ প্রসন্নমনাশ্চ যথা স্যাৎ বীতমন্যুঃ বিগতরোষশ্চ গৌতমঃ মম পিতা মা অভি মাম্প্রতি হে মৃত্যো। কিঞ্চ ত্বৎপ্রসৃষ্টং ত্বয়া বিনির্ম্মুক্তং প্রেষিতং গৃহম্প্রতি মা অভিবদেৎ মামভিবদেৎ প্রতীতঃ লব্ধস্মৃতিঃ সএবায়ম্পুত্রোমমাগত ইত্যেবং প্রত্যভিজানান্বিত্যর্থঃ। এতৎ প্রয়োজনং ত্রয়াণাং বরাণাং প্রথমং আদ্যং বরং বৃণে প্রার্থয়েয়ং যৎ যৎ পিতুঃ পরিতোষণং।১০

স্কার। আমার প্রতি প্রসন্ন হও, আর তিন রাত্রির প্রতি তিন বর প্রার্থনা কর।৯।

নচিকেতা কহিলেন, যাহাতে পিতা শা [illegible]
আর আমার প্রতি ক্রোধ শূন্য হয়েন, আ [illegible]
গৃহে প্রতিপ্রেরণ করিলে যাহাতে আম [illegible]
সম্ভাষণ করেন, তিনি বরের মধ্যে এই প্র [illegible]

যথা পুরস্তাদ্ভবিতা প্রতীতঔদ্দালকিরারু-
ণির্ম্মৎপ্রসৃষ্টঃ। সুখং রাত্রীঃ শয়িতা বীতম-
ন্যুস্ত্বাং দদৃশিবান্ মৃত্যুমুখাৎ প্রমুক্তং ॥১১॥

স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চনাস্তি ন তত্র ত্বং ন
জরয়া বিভেতি। উভে তীর্ত্বাশনায়াপিপাসে

মৃত্যুরুবাচ। যথা ত্বয়ি পুরস্তাৎ পূর্ব্বমাসীৎ স্নেহসমন্বিতঃ পিতা তব ভবিতা প্রীতিসমন্বিতস্তব পিতা তথৈব প্রতীতঃ প্রতীতবান্ সন্ উদ্দালক এব ঔদ্দালকিঃ অরুণস্যাপত্যং আরুণিঃ মৎপ্রসৃষ্টঃ ময়ানুজ্ঞাতঃ সন্ রাত্রীঃ সুখং প্রসন্নমনাঃ শয়িতা বীতমন্যুঃ বিগতমন্যুঃ ত্বাং পুত্রং দদৃশিবান্ দৃষ্টবান্ মৃত্যুমুখাৎ মৃত্যুগোচরাৎ প্রমুক্তং সন্তং। ১১।

নচিকেতাউবাচ। স্বর্গে লোকে রোগাদিনিমিত্তং ভয়ং কিঞ্চন কিঞ্চিদপি ন অস্তি ন চ তত্র ত্বং হে মৃত্যো সহসা প্রভবসি অতইহলোকবৎ ত্বত্তঃ ন জরয়া বিভেতি। কিঞ্চ উভে অশনায়াপিপাসে তীর্ত্বা অতিক্রম্য শোকমতীত্য গচ্ছতীতি

যম বলিলেন, আমার আদেশক্রমে অরুণের পুত্র ঔদ্দা-
[redacted] তোমাকে প্রতীতি করিবেন। তিনি সুখে
[redacted] এবং মৃত্যু-মুখ হইতে তুমি প্রমুক্ত হইলে
[redacted] তোমাকে দেখিবেন। ১১।

[redacted] ন, স্বর্গলোকে কোন ভয় নাই, হে মৃত্যু!
[redacted] জরাকেও কেহ ভয় করে না। ক্ষুধা

শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥১২॥

সত্বমগ্নিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো প্রব্রুহি তং শ্রদ্দধানায় মহ্যং। স্বর্গলোকা অমৃতত্বং ভজন্ত এতদ্দ্বিতীয়েন বৃণে বরেণ ॥১৩॥

প্র তে ব্রবীমি তদু মে নিবোধ স্বর্গ্যমগ্নিম-

শোকাতিগঃ সন্ মানসেন দুঃখেন বর্জ্জিতঃ মোদতে হৃষ্যতি স্বর্গলোকে দিব্যে। ১২।

এবঙ্গুণবিশিষ্টস্য স্বর্গলোকস্য প্রাপ্তিসাধনভূতং স্বর্গ্যং অগ্নিং সঃ ত্বং মৃত্যুঃ অধ্যেষি স্মরসি হে মৃত্যো প্রব্রুহি কথয় তং শ্রদ্দধানায় শ্রদ্ধাবতে মহ্যং স্বর্গার্থিনে। যেনাগ্নিনা চিতেন স্বর্গোলোকোযেষাং তে স্বর্গলোকাঃ যজমানাঃ অমৃতত্বং অমরতাং দেবত্বং ভজন্তে প্রাপ্নুবন্তি তৎ এতৎ অগ্নিবিজ্ঞানং দ্বিতীয়েন বরেণ বৃণে ॥ ১৩।

তে তুভ্যং প্র ব্রবীমি তৎ প্রার্থিতং উ মে মম বচসঃ নিবোধ বুধ্যস্ব একাগ্রমনাঃ সন্ স্বর্গ্যং স্বর্গসাধনং অগ্নিং হে নচিকেতঃ প্রজানন্ বিজ্ঞাতবানহং। অধুনাগ্নিং স্তৌতি অনন্তলো-

---

পিপাসা এ উভয়কেই অতিক্রম করিয়া শোক হইতে মুক্ত ব্যক্তি স্বর্গলোকে অভিনন্দিত হয়। ১২।

হে মৃত্যু! তুমি স্বর্গসাধন অগ্নির বিষয় জান, আমি শ্রদ্দধান, আমাকে তাহা বল। স্বর্গীয় লোকেরা অমৃতত্ব প্রাপ্ত হয়। দ্বিতীয় বর আমি এই চাহি। ১৩।

যম কহিলেন, তোমাকে বলি তাহা মনোযোগী হইয়া শুন, হে নচিকেত! আমি স্বর্গীয় অগ্নির বিষয় জানি। ই

চিকেতঃ প্রজানন্। অনন্তলোকাপ্তিমথো প্র-
তিষ্ঠাম্বিদ্ধি ত্বমেনম্নিহিতং গুহায়াং ॥১৪॥

লোকাদিমগ্নিন্তমুবাচ তস্মৈ যাইষ্টকায়াব-
তীর্ব্বা যথা বা। সচাপিতৎ প্রত্যবদদ্যথোক্তম-
থাস্য মৃত্যুঃ পুনরেবাহ তুষ্টঃ ॥১৫॥

কাপ্তিং অনন্তস্বর্গলোকফলপ্রাপ্তিসাধনমিত্যেতৎ অথো অপি প্রতিষ্ঠাং আশ্রয়ং জগতোবিরাড্রূপেণ তং এনং অগ্নিং ময়োচ্যমানং বিদ্ধি বিজানীহি ত্বং নিহিতং স্থিতং গুহায়াং বিদুষাং বুদ্ধৌ। ১৪।

লোকাদিং লোকানামাদিং প্রথমশরীরত্বাৎ অগ্নিং তং প্রকৃতং নচিকেতসা প্রার্থিতং উবাচ উক্তবান্ মৃত্যুঃ তস্মৈ নচিকেতসে। কিঞ্চ যাঃ ইষ্টকাঃ চেতব্যাঃ স্বরূপেণ যাবতীঃ বা সংখ্যয়া যথা বা চীয়তেঽগ্নির্যেন প্রকারেণ সর্ব্বমেতদুক্তবানিত্যর্থঃ। সঃচ অপি নচিকেতাঃ তৎ মৃত্যুনা উক্তং যথা যথাবৎ প্রত্যবদৎ প্রত্যুচ্চারিতবান্। অথ অনন্তরং অস্য প্রত্যুচ্চারণেন তুষ্টঃ সন্ মৃত্যুঃ পুনঃ এব আহ বরত্রয়ব্যতিরেকেণান্যবরন্দিৎসুঃ। ১৫।

অনন্ত লোক পাওয়া যায়, আর ইহা জগতের প্রতিষ্ঠা, ইহাকে তুমি বুদ্ধিতে নিহিত বলিয়া জান। ১৪।

[illegible] াদি অগ্নির বিষয় তাঁহাকে বলিলেন, [illegible] ার ইষ্টক দ্বারা যে প্রণালীতে ইহা [illegible] হুই বলিলেন। যম যাহা যাহা বলি- [illegible] পুনরুক্তি করিলেন, ইহাতে মৃত্যু তুষ্ট [illegible] লেন। ১৫।

তমব্রবীৎ প্রীয়মাণোমহাত্মা বরন্তবেহাদ্য দদামি ভূয়ঃ। তবৈব নাম্না ভবিতায়মগ্নিঃ সৃঙ্কাঞ্চেমামনেকরূপাঙ্গৃহাণ ॥ ১৬ ॥

ত্রিণাচিকেতস্ত্রিভিরেত্য সন্ধিং ত্রিকর্ম্মকৃত্ত

তং নচিকেতসং অব্রবীৎ শিষ্যযোগ্যতাম্পশ্যন্ প্রীয়মাণঃ প্রীতিমনুভবন্ মহাত্মা অক্ষুদ্রবুদ্ধিঃ বরং তব চতুর্থং ইহপ্রীতি নিমিত্তং অদ্য ইদানীং দদামি প্রযচ্ছামি ভূয়ঃ পুনঃ। তব এব নচিকেতসঃ নাম্না অভিধানেন প্রসিদ্ধঃ ভবিতা ময়োচ্যমানঃ অয়ং অগ্নিঃ। কিঞ্চ সৃঙ্কাং চ রত্নময়ীং মালাঞ্চ ইমাং অনেকরূপাং বিচিত্রাং গৃহাণ স্বীকুরু। ১৬।

পুনরপি কর্ম্মস্তুতিমেবাহ। ত্রিঃকৃত্বোনাচিকিতোগ্নিশ্চিতোযেন সঃ ত্রিণাচিকেতঃ, ত্রিভিঃ মাতৃপিত্রাচার্য্যৈঃ এত্যঃ প্রাপ্য সন্ধিং সন্ধানং সম্বন্ধং মাত্রাদ্যনুশাসনং। ত্রিকর্ম্মকৃৎ ইজ্যাধ্যয়নদানানাং কর্ত্তা তরতি অতিক্রামতি জন্মচ মৃত্যুশ্চ জন্মমৃত্যূ। কিঞ্চ ব্রহ্মযজ্ঞং ব্রহ্মণোহিরণ্যগর্ভাজ্জাতো-ব্রহ্মজঃ ব্রহ্মজশ্চাসৌ জ্ঞশ্চেতি ব্রহ্মজজ্ঞঃ সর্ব্বজ্ঞোহ্যসৌ তং

মহাত্মা যম প্রীত হইয়া তাঁহাকে বলিলেন, আমি তোমাকে সংপ্রতি আর একটী বর দিই, তোমারই নামে এই অগ্নির নাম হইবে, আর এই অনেকরূপা রত্নময়ী মালা গ্রহণ কর। ১৬।

মাতা পিতা ও আচার্য্য এই তিনের নিকট হইতে অনুশাসিত হইয়া যে ব্যক্তি তিন বার নাচিকেত অগ্নির চয়ন করেন, আর যজ্ঞ দান অধ্যয়ন এই তিন কর্ম্মের অনুষ্ঠান

রতি জন্মমৃত্যূ । ব্রহ্মজজ্ঞন্দেবমীড্যম্বিদিত্বা
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১৭ ॥

ত্রিণাচিকেতস্ত্রয়মেতদ্বিদিত্বা যএবম্বিদ্বাং-
শ্চিনুতে নাচিকেতং । সমৃত্যুপাশান্ পুরতঃ
প্রণোদ্য শোকাতিগোমোদতে স্বর্গলোকে । ১৮ ।

দেবং ঈড্যং স্তুত্যং বিদিত্বা শাস্ত্রতঃ নিচায্য দৃষ্ট্বা চ আত্মভা-
বেন ইমাং স্ববুদ্ধিপ্রত্যক্ষাং শান্তিং উপরতিং অত্যন্তং এতি
অতিশয়েনৈতি বৈরাজম্পদং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৭ ॥
ইদানীমগ্নিবিজ্ঞানচয়নফলমুপসংহরতি । ত্রিণাচিকেতঃ
ত্রয়ং যথোক্তং যা ইষ্টকা য়াবতীর্ব্বা যথা বা ইতি এতৎ বি-
দিত্বা অবগম্য যঃ এবং বিদ্বান্ চিনুতে নির্ব্বর্ত্তয়তি নাচিকে-
তং অগ্নিং । সঃ মৃত্যুপাশান্ অধর্ম্মাজ্ঞানরাগদ্বেষাদিলক্ষণান্
পুরতঃ অগ্রতঃ পূর্ব্বমেব শরীরপাতাদিত্যর্থঃ প্রণোদ্য অপ-
হায় শোকাতিগঃ মানসৈর্দুঃখৈর্ব্বিবর্জ্জিতইত্যেতৎ মোদতে
স্বর্গলোকে বৈরাজে বিরাড়াত্মস্বরূপপ্রতিপত্ত্যা । ১৮ ।

করেন, তিনি জন্ম মৃত্যুকে অতিক্রম করেন। ব্রহ্ম হইতে
উৎপন্ন সর্ব্বজ্ঞ এই পূজনীয় দেবতাকে জানিয়া এবং ইহাঁকে
পাইয়া অত্যন্ত শান্তি প্রাপ্ত হয়েন। ১৭।

নাচিকেত অগ্নি চয়নের এই তিন প্রকরণ জানিয়া যে
বিজ্ঞ ত্রিণাচিকেত কর্ম্মী ইহা তিনবার চয়ন করেন, তিনি
শরীর পাতের পূর্ব্বেই মৃত্যুপাশ-সকল ছেদন করিয়া এবং
শোককে অতিক্রম করিয়া স্বর্গলোকে সুখভোগ করেন। ১৮।

এষতেগ্নির্নচিকেতঃ স্বর্গ্যোয়মবৃণীথাদ্বিতী-
যেন বরেণ। এতমগ্নিস্তবৈব প্রবক্ষ্যন্তি জনাস-
স্তৃতীয়ম্বরন্নচিকেতোবৃণীষ ॥ ১৯ ॥

যেয়ম্প্রেতে বিচিকিৎসা মনুষ্যেস্তীত্যেকে

এষঃ তে তুভ্যং অগ্নিঃ বরঃ নচিকেতঃ স্বর্গ্যঃ স্বর্গসাধনঃ যং অগ্নিবরং অবৃণীথাঃ প্রার্থিতবানসি দ্বিতীয়েন বরেণ সোগ্নিবরোদত্তইত্যুক্তোপসংহারঃ। কিঞ্চ এতং অগ্নিং তব এব নাম্না প্রবক্ষ্যন্তি জনাসঃ জনাঃ ইত্যেষবরোদত্তোময়া চতুর্থস্তুষ্টেন। তৃতীয়ং বরং নচিকেতঃ বৃণীষ তস্মিন্ হ্যদত্তে ঋণবানেবাহমিত্যভিপ্রায়ঃ। ১৯।

এতাবতা ব্যতিক্রান্তেন বিধিপ্রতিষেধার্থেন মন্ত্রব্রাহ্মণেন অবগন্তব্যং যদ্বরদ্বয়সূচিতম্বস্তু নাত্মতত্ত্ববিষয়ং যাথাত্ম্যবিজ্ঞানং অতো বিধিপ্রতিষেধার্থবিষয়স্য আত্মনি ক্রিয়াকারকফলাধ্যারোপলক্ষণস্য স্বাভাবিকস্যাজ্ঞানস্য সংসারবীজস্য নিবৃত্ত্যর্থং তদ্বিপরীতব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং ক্রিয়াকারকফলাধ্যারোপলক্ষণশূন্যং আত্যন্তিকনিঃশ্রেয়সপ্রয়োজনং বক্তব্যমিত্যু-

---

হে নচিকেত! এই তোমার স্বর্গীয় অগ্নি, যাহা তুমি দ্বিতীয় বরে প্রার্থনা করিয়াছ। লোকেরা এই অগ্নিকে তোমারই নামে বলিবে। হে নচিকেত! তৃতীয় বর প্রার্থনা কর। ১৯।

নচিকেতা বলিলেন, মৃত মনুষ্য বিশয়ে এই এক বিচিকিৎসা আছে; কেহ বলে তাহার আত্মা থাকে, কেহ

নায়মস্তীতি চৈকে। এতদ্বিদ্যামনুশিষ্টস্ত্বয়াহং বরাণামেষবরস্তৃতীয়ঃ ॥ ২০ ॥

দেবৈরত্রাপি বিচিকিৎসিতম্পুরা নহি সুবি-

ত্তরো গ্রন্থআরভ্যতে। তমেতমর্থং দ্বিতীয়বরপ্রাপ্ত্যাপি অকৃতার্থত্বং তৃতীয়বরগোচরমাত্মজ্ঞানমন্তরেণ ইত্যাখ্যায়িকয়া প্রপঞ্চয়তি। নচিকেতা উবাচ তৃতীয়ং বরন্নচিকেতোবৃণীষ্ব ইত্যুক্তঃ সন্। যা ইয়ং বিচিকিৎসা সংশয়ঃ প্রেতে মৃতে মনুষ্যে অস্তি ইতি একে শরীরেন্দ্রিয়মনোবুদ্ধিব্যতিরিক্তআত্মেত্যেকে ন অয়ং অস্তি ইতি চ একে নায়মেবম্বিধোস্তীতিচৈকে। অস্মাকং ন প্রত্যক্ষেণ নাপি চানুমানেন নির্ণয়বিজ্ঞানমেতদ্বিজ্ঞানাধীনোহি পরঃ পুরুষার্থঃ। ইত্যতঃ এতৎ বিদ্যাং বিজানীয়াং অহং অনুশিষ্টঃ জ্ঞাপিতঃ ত্বয়া বরাণাং এষ বরঃ তৃতীয়ঃ অবশিষ্টঃ। ২০।

কিময়মেকান্ততোনিঃশ্রেয়সসাধনায়াত্মজ্ঞানার্হঃ ন বা ইত্যেতৎ পরীক্ষণার্থমাহ। দেবৈঃ অপি অত্র এতস্মিন্ বস্তুনি বিচিকিৎসিতং সংশয়িতং পুরা পূর্ব্বং ন হি সুবিজ্ঞেয়ং শ্রুতমপি প্রাকৃতৈর্জনৈঃ যতঃ অণুঃ সূক্ষ্মঃ এষঃ আত্মাখ্যঃ ধর্ম্মঃ অতঃ অন্যং অসন্দিগ্ধফলং বরং নচিকেতঃ বৃণীষ্ব মা মাং মা

বলে থাকে না। তুমি আমাকে এই বিদ্যা শিক্ষা দেও, তিন বরের মধ্যে এই তৃতীয় বর। ২০।

যম বলিলেন, এই বিষয়ে পূর্ব্বে দেবতাদিগেরও বিচিকিৎসা ছিল, ইহা সুবিজ্ঞেয় নয়, এ ধর্ম্ম অতি সূক্ষ্ম। হে